**Solution:** কম্পিউটারে বাংলা ফন্টের উদ্ভাবক মোস্তফা জব্বার। তার প্রতিষ্ঠানের বিজয় বাংলা কি বোর্ড ১৯৮৮ সালে প্রকাশিত হয় যা প্রথম বাংলা কি বোর্ড। কিছু জনপ্রিয় বাংলা লেখার ফন্টঃ

| | | | |
|---|---|---|---|
| AdarshaLipi | Anandapatra | Basundhara | Chandrabati |
| Ekush | Ekushey | Falgun | Karnaphuli |
| Lipi | Lekhani | Modhumati | Rinkiy |
| Sulekha | Saroda | Susrhree | Sutonny MJ |

***37.*** **NLP is a type of Language Processing, where 'N' stands for**

a) Natural — b) Neutral

c) Normal — d) None — ***ans.* A**

**Solution:** NLP এর পূর্ণরূপ হলো **Natural** Language Processing.

***38.*** **The step by steps instructions that solve a problem are called**

a) An algorithm — b) A list

c) A plan — d) None of the above — ***ans.* A**

**Solution:** Algorithm শব্দটি এসেছে মুসলিম গণিতবিদ 'মুসা আল খারিজমী' এর নাম থেকে। এর সংজ্ঞায় বলা যায় 'ধাপে ধাপে সমস্যা সমাধানের পদ্ধতি বিশেষ'। অর্থাৎ একটি সমস্যাকে কয়েকটি ধাপে ভেঙ্গে প্রত্যেকটি ধাপ পরপর সমাধান করে সমগ্র সমস্যা সমাধান করা। Algorithm হচ্ছে কোনো একটি কাজ সম্পন্ন করার জন্য কতকগুলি সুনির্দিষ্ট এবং ধারাবাহিক ধাপের সমষ্টি, যেখানে ধাপ সংখ্যা অবশ্যই সীমিত হবে। তবে যে ভাষাতেই লেখা হোক সমস্যা সমাধানের প্রতিটি ধাপের বর্ণনা এ Algorithm থাকতে হবে। Algorithm এর চিত্ররূপকে ফ্লোচার্ট বলে।

Recent Publication

***39.*** **MICR stands for**

a) Magnetic Ink Cases Reader
b) Magnetic Ink Character Reader
c) Magnetic Ink Code Reader
d) None of these
***ans.* B**

**Solution:** MICR এর পূর্ণরূপ Magnetic Ink Character Reader. এই সিস্টেমের মূল বৈশিষ্ট্য হলো বিশেষ ধরনের চুম্বকীয় কালি। এই কালিতে থাকে আয়রন অক্সাইড। এটি ক্যারেক্টারগুলোকে সহজে চিনতে পারে। ব্যাংকিং শিল্পে MICR স্ক্যানার ব্যবহার করা হয়। এই পদ্ধতিতে ব্যাংকের চেকের চেক নম্বর লেখা ও পড়া হয়। বর্তমানে ব্যাংক চেক বইয়ে এটি ব্যবহার করা হয়। বাংলাদেশের ব্যাংকে MICR পদ্ধতিতে চেক বই ব্যবহৃত হয়।

***40.*** **Which is equivalent of 1 GB?**

a) $10^4$ B
b) $10^6$ B
c) $10^8$ D
d) $10^9$ B
***ans.* D**

***41.*** **কম্পিউটারে ব্যবহৃত দুটি অংক**

a) ১ ও ২
b) ১ ও ৩
c) ০ ও ১
d) ০ ও ২
***ans.* C**

**Solution:** ইলেট্রিক ডিজিটকে বাইনারী ডিজিটে প্রকাশ করার জন্য 0 এবং 1 ব্যবহৃত হয়।

***42.*** **Windows media player is an example of**

a) Operating system
b) Application software
c) System software
d) Browser
***ans.* B**

**Solution:** ব্যবহারিক সমস্যা সমাধানের জন্য ব্যবহৃত প্রোগ্রামকে Application software বলে। ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার, স্প্রেডসিট অ্যানালাইসিস সফটওয়্যার, ডেটাবেস ম্যানেজমেন্ট সফটওয়্যার (ORACLE, Corel, Paradox, File maker Pro) বিভিন্ন ধরনের গ্রাফিক্স সফটওয়্যার (Adobe Photoshop, core DRAW) ইত্যাদি হলো Application software.

***43.*** **সিলিকন ভ্যালী কোথায় অবস্থিত?**

a) যুক্তরাষ্ট্র
b) যুক্তরাজ্য
c) কানাডা
d) জার্মানি
***ans.* A**

**Solution:** সিলিকন ভ্যালী যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিস্কো এবং সানহোসে এই দুই শহরের মাঝামাঝি ক্যালিফোর্নিয়াতে অবস্থিত, যা ৩০০ বর্গমাইল এলাকা জুড়ে বিস্তৃত। ১৯৯৫ সালের পর থেকে এই সিলিকন ভ্যালীর জনপ্রিয়তার সূত্রপাত। সিলিকন ভ্যালী ইন্টারনেট এবং উচ্চ প্রযুক্তি ব্যবসার সূতিকাগার।

***44.*** **কম্পিউটারে ইন্টারনেট সংযোগের জন্য কীসের প্রয়োজন?**

a) পেন ড্রাইভ
b) ডিভিডি রম ড্রাইভ
c) মডেম
d) কোনটিই নয়
***ans.* C**

**Solution:** MODEM শব্দটি **MO**dulator এবং **DEM**odulator শব্দদ্বয়ের সংক্ষিপ্ত রূপ। মডেম যন্ত্রটি টেলিফোন লাইন এবং কম্পিউটারের মাঝখানে অবস্থান করে। প্রেরক কম্পিউটারের সাথে যুক্ত মডেম কম্পিউটারের ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিণত করে টেলিফোন যোগাযোগ ব্যবস্থার দ্বারা গ্রাহকের নিকট ডেটা এবং তথ্য প্রেরণ করে। এভাবে টেলিফোন লাইনের উপযোগী করে ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তনের প্রক্রিয়াকে Modulation বলে। গ্রাহক কম্পিউটারের সাথে যুক্ত মডেম সেই অ্যানালগ সংকেতকে আবার ডিজিটাল সংকেতে পরিণত করে। এভাবে টেলিফোন লাইন হতে প্রাপ্ত অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তরিত করার প্রক্রিয়াকে Demodulation বলে। এটি কম্পিউটারের কমিউনিকেশন পোর্টে সংযুক্ত থাকে।

***45.*** **'পামটপ' কী?**

a) ছোট কুকুর
b) পর্বতারোহণ সামগ্রী
c) বাদ্য যন্ত্র
d) ছোট্ট কম্পিউটার
***ans.* D**

**Solution:** পামটপ এক ধরনের ছোট কম্পিউটার। হাতের তালুতে নিয়ে কাজ করা যায়। এর ওজন মাত্র ১৭০ গ্রাম। এর অন্য নাম হ্যান্ডেল্ড পার্সোনাল কম্পিউটার (HPC) এবং পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট (PDA).

Recent Publication

## Part Two

***01. a)*** **বাংলা গদ্যের জনক কাকে বলা হয়?** → ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যকে গতিশীল করে প্রাণ দান করেছেন। তার পূর্বে ফোর্ট উইলিয়াম কলেজের পন্ডিতগণ ও রামমোহন রায় এর বাংলা গদ্য রচনার প্রয়াস প্রশংসনীয় হলেও তাদের গদ্য রীতিতে বহু অপূর্ণতা ছিল। বিদ্যাসাগর বাংলা গদ্যে সুললিত শব্দ বিন্যাস, পদবিভাগ ও যতিসন্নিবেশে সুবোধ্য ও শিল্প গুণান্বিত করে তোলেন। বিদ্যাসাগর বাংলা গদ্যকে সাহিত্য গুণসম্পন্ন ও সর্বভাব প্রকাশক্ষম করেছিলেন বলে তাঁকে বাংলা গদ্যের জনক বলা হয়।

**b) 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভাল হয়ে চলি' এই চরণদ্বয়ের লেখক কে?** → মদনমোহন তর্কালঙ্কার।

**c) 'যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়'। এখানে 'বাঘের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** → অপাদানে ৬ষ্ঠী।

**d) বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?** → ১৯৫৫ সালের ৩ ডিসেম্বরে।

**e) 'সাত সাগরের মাঝি' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** → ফররুখ আহমদ।

**f) 'লাঠালাঠি' এটি কোন সমাস?** → ব্যতিহার বহুব্রীহি সমাস (লাঠিতে লাঠিতে যে যুদ্ধ)।

**g) 'নষ্ট হওয়ার স্বভাব যার' এক কথায় কী হবে?** → নশ্বর।

**h) 'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ কী?** → বর্ধমান।

**i) 'চাঁদমুখ' এর ব্যাসবাক্য কী?** → চাঁদের মত মুখ (উপমিত কর্মধারয় সমাস)।

**j) 'হাত-ভারি' বাগধারার অর্থ কী?** → কৃপণ।

**k) 'অথৈ জল' বাগধারার অর্থ কী?** → খুব বিপদে পড়া।

**l) 'Wisdom' শব্দের বাংলা অর্থ কী?** → বিজ্ঞতা; প্রাজ্ঞতা।

**m) বাংলা গীতি কবিতায় 'ভোরের পাখি' কাকে বলা হয়?** → বাংলা কাব্যে 'ভোরের পাখি' বলা হয় বিহারী লাল চক্রবর্তীকে। বাংলা গীতিকবিতায় তার অবদান স্বরূপ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাকে 'ভোরের পাখি' উপাধিতে আখ্যায়িত করেন।

**n) 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ করুনঃ** → বাক্ + আড়ম্বর।

**o) 'সনেট' কবিতার প্রবর্তক কাকে বলা হয়?** → মাইকেল মধুসূদন দত্ত। উল্লেখ্য, একটি মাত্র অনুভূতি বা অখণ্ড ভাব কল্পনা নিয়ে বিশেষ ছন্দরীতিতে রচিত চৌদ্দ বা আঠারো মাত্রা বিশিষ্ট চৌদ্দ পংক্তির কবিতাকে সনেট বা চতুর্দশপদী কবিতা বলে। বাংলা কাব্য সাহিত্যে মাইকেল মধুসূদন দত্ত প্রথম সনেট রচনা করেন। সনেটের দুটি অংশ থাকে। প্রথম আট চরণকে অষ্টক বলে, শেষ ছয় চরণকে ষটক বলে।

***02.*** **'কোভিড-১৯' সম্পর্কে একটি সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখুনঃ**

***Solution:*** করোনা ভাইরাস বলতে মূলত একটি ভাইরাস পরিবারকে বোঝায় যেখানে অসংখ্য ভাইরাস একসাথে থাকে। এই পরিবারের সর্বশেষ আবিষ্কৃত ভাইরাসটির নাম দেওয়া হয়েছে 'নভেল করোনা ভাইরাস' বা এনসিওভি-১৯'। এই ভাইরাসের কারণে সৃষ্ট রোগকে বলা হয় 'কোভিড-১৯'। 'করোনা' শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'Corona' থেকে যার অর্থ মুকুট। ইলেকট্রন মাইক্রোস্কোপে এই ভাইরাসের বাইরের অংশ দেখতে মুকুটের মতো মনে হয়, তাই এই নামকরণ। ২০১৯ সালের ডিসেম্বরে চীনের উহান শহরে সর্বপ্রথম এই ভাইরাস ধরা পড়ে। করোনাভাইরাস মারাত্মক ছোঁয়াচে। ধারণা করা হয়, বাদুড় বা সাপজাতীয় প্রাণী থেকে এ ভাইরাসের উৎপত্তি। করোনাভাইরাস দ্বারা সৃষ্ট 'কোভিড-১৯' বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ঘোষিত একটি মহামারি রোগ। সারাবিশ্বে দ্রুতগতিতে ছড়িয়ে পড়েছে, করোনাভাইরাস। ইতোমধ্যেই অসংখ্য মানুষ এই ভাইরাসটি দ্বারা সংক্রমিত হয়েছে। সারাবিশ্ব প্রাণহানি ঘটেছে কয়েক লক্ষ মানুষের। এই মহামারি ঠেকাতে শিল্পোন্নত দেশগুলোসহ বিশ্বের প্রায় এক তৃতীয়াংশ এলাকা দীর্ঘদিন লকডাউনে থাকার ফলে বিশ্ব অর্থনীতি একটি বিরাট চ্যালেঞ্জের মুখে পতিত হয়েছে। সামনের দিনগুলোতে বিশ্ব অর্থনীতি মন্দার কবলে পড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। বাংলাদেশও এর বাইরে থাকবে না।

***03.*** **Fill in the blanks:**

**a) The Ambassador called ____ President yesterday.**
(on) **বাক্যের অর্থঃ** রাষ্ট্রদূত সাক্ষাতের জন্য গতকাল প্রেসিডেন্টকে তলব করলেন।

**b) I have got a week to finish this ____ is just about long enough.**
(which) **বাক্যের অর্থঃ** এটা সম্পন্ন করতে আমি এক সপ্তাহ সময় পেয়েছি যা আসলেই অনেক বেশি সময়।



Recent Publication

c) **If you had come earlier, you would ____ found a good seat.**
(have) **বাক্যের অর্থঃ** আগে আসলে তুমি ভালো সীট পেতে।

***04.* Make sentences with the idioms and phrases:**

a) **A scalded dog fears cold water** (নেড়ে বেল তলায় একবারই যায়)ঃ After losing wrist watch in mela, Hanjala never goes there as a scalded dog fears cold water.

b) **Be all and end all** (চরম পরিণতি)ঃ A loss of one lakh taka was the be all and end all of the project.

c) **To kick the bucket** (অক্কা পাওয়া; মারা যাওয়া)ঃ When the old woman finally kicked the bucket there was no mention of yours truly in the will.

***05.* What do the expressions mean?**

a) **Browbeating** → চিৎকার বা ভ্রুকুটি করে ভয় দেখানো; শাসানো; চোখ রাঙ্গানো।

b) **Bird's eye view** → এক নজরে দেখা।

c) **A golden key can open any door** → টাকায় বাঘের দুধ মেলে।

***06.* Translate into English:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতি হিসেবে আমাদের দিয়েছেন সম্মান, গৌরব, আত্মমর্যাদা। তিনি আমাদের ইতিহাসের পথ পার হতে সাহায্য করেছে। তিনি এনে দিয়েছেন আমাদের মহান স্বাধীনতা। তিনি আমাদের মহানায়ক। তাঁর এগিয়ে যাওয়ার পথ ছিল কঠিন, কিন্তু লক্ষ্য ছিল একাগ্র।

***Solution:*** Bangabandhu Sheikh Mujibur Rahman, father of the nation has given us honor, glory and dignity as a nation. He helped us crossing the path of history. He has given us great freedom. He is our noble hero. His way to run was difficult but his goal was determined.

***07.* Write a paragraph on 'The role of Karmasangsthan Bank to create employment' within 150 words.**

***Solution:*** Karmasangsthan Bank is a specialized state-owned bank to meet up special purpose. According to the government pledge, every family got at least one people who are involved with job, it works for the unemployed persons of Bangladesh. With 244 branches across the country, it has worked smoothly. Educated and trained unemployed and entrepreneurs get loan and other support from this bank at low interest and easy conditions. Unemployment refers the underutilization of human capital. It is the common problem not only for the developing countries but also almost all over the world. Bangladesh is an over-populated country and it is a labour surplus country with 1.38 crore unemployed people. Lack of enough capital equipments, deficiency in aggregate demand and frictional unemployment are the main reason of the unemployment problem in Bangladesh. BBS found that 46% of unemployed persons to be graduate. In last year, unemployment rate was decreased by .09 which is a green sigh for future economy in Bangladesh. Poverty and unemployment rate both are increasing when banking sectors fails to work properly. Efficient banking sectors create more investment and employment. Disruption in banking sector is related to the disruption in credit market. Disruptions in credit markets influence the investment and employment of a country. So the relationship between bank loans andun employment ratio is correlated and if the credit volume is increasing, unemployment rate is narrowing at the same time and vice-versa.

***08.* সালাম সাহেব কর্মসংস্থান ব্যাংক হতে ১২% হার সুদে ০১/০১/২০২২ তারিখে ৫০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। ১ লা এপ্রিল ২০২২ থেকে সুদের হার ৯% কার্যকর হলে ৩১/১২/২০২২ তারিখ শেষে সালাম সাহেব কত টাকা সুদ প্রদান করবেন?**

***Solution:*** ১২% হার মুনাফায় জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত মুনাফা $= \frac{৫০০০০ \times ১২ \times ৩}{১০০ \times ১২} =$ ১,৫০০ টাকা

৯% হার মুনাফায় এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত মুনাফা $= \frac{৫০০০০ \times ৯ \times ৯}{১০০ \times ১২} =$ ৩,৩৭৫ টাকা

∴ মোট মুনাফার পরিমাণ = ১,৫০০ + ৩,৩৭৫ = ৪,৮৭৫ টাকা।

Recent Publication

***09.* শফিক সাহেব ১০ বছর মেয়াদী বন্ডে ৪২,০০০/- টাকা বিনিয়োগ করে মেয়াদ শেষে ১,০৫,০০০/- টাকা পেল। যদি বন্ডটি সরল হার সুদে হয়ে থাকে তবে সুদের হার কত?**

**Solution:** এখানে, মুনাফার পরিমাণ = ১,০৫,০০০ - ৪২,০০০ = ৬৩,০০০ টাকা

এখানে আসল, $p$ = ৪২,০০০ টাকা এবং সময়, $t$ = ১০ বছর।

আমরা জানি, $I = \frac{prn}{100}$

$\therefore\ r = \frac{100 \times I}{p \times n} = \frac{১০০ \times ৬৩০০০}{৪২০০০ \times ১০} = ১৫\%$

অর্থাৎ মুনাফার হার ১৫%

***10.* ৬০ জন শ্রমিকের ১টি বিল্ডিং নির্মাণ করতে ২৫০ দিন সময় লাগে। ২০০ দিন একত্রে কাজ করার পর ১০ দিন কাজ বন্ধ ছিল। একই সময়ে কাজ শেষ করতে আর কত জন শ্রমিক দরকার?**

**Solution:** ধরি, অতিরিক্ত $x$ জন লোক লাগবে।

মোট কাজের পরিমাণ = ৬০ × ২৫০ = ১৫,০০০ একক।

অবশিষ্ট দিন = ২৫০ - (২০০ + ১০) = ২৫০ - ২১০ = ৪০ দিন।

প্রশ্নমতে, ৬০ × ২৫০ = ৬০ × ২০০ + (৬০ + $x$) × ৪০

$\Rightarrow$ ১৫,০০০ = ১২,০০০ + ২,৪০০ + ৪০$x$

$\Rightarrow$ ৪০$x$ = ৬০০

$\therefore\ x = \frac{৬০০}{৪০} = ১৫$

অর্থাৎ অতিরিক্ত লোক লাগবে ১৫ জন।

***11.* ১টি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ হয় তবে আয়তক্ষেত্রের পরিসীমা কত?**

**Solution:** ধরি, প্রস্থ $x$ মিটার এবং দৈর্ঘ্য ২$x$ মিটার

প্রশ্নমতে, ২$x \times x$ = ৩০০

$\Rightarrow x^2 = \frac{৩০০}{২} = ১৫০$

$\Rightarrow x^2 = ১৫০$

$\therefore\ x = \sqrt{১৫০} = \sqrt{২৫ \times ৬} = ৫\sqrt{৬}$

$\therefore$ নির্ণেয় পরিধি = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(২$x$ + $x$) = ২ × ৩$x$ = ৬$x$ = ৬ × ৫$\sqrt{৬}$ = ৩০$\sqrt{৬}$ মিটার।

***12.* সঠিক উত্তরটি লিখুনঃ**

***i)* কোনটি প্রোগ্রামিং এর ভাষা?**

a) ইয়াহু | b) গুগল
c) জাভা | d) এম.এস. এক্সেল **ans. C**

**Solution:** Google হচ্ছে পৃথিবীর সবচেয়ে বেশি ব্যবহৃত Search Engine. Google এর মতো Yahoo ও একটি Web Search Engine. MS Excel হলো একটি Spreadsheet windows যা মূলত হিসাব-নিকাশের জন্য ব্যবহৃত হয়। আর Windows হচ্ছে এক ধরনের Operating System যা মূলত কম্পিউটারের কার্য ব্যবস্থা নিয়ন্ত্রণ করে এবং যা Scheduling, Debugging, Input/Output নিয়ন্ত্রণ, Accounting, Compilation, Storage assignment, Data management এবং আনুষঙ্গিক কাজ করে।

***ii)* কোনটি কম্পিউটারকে হ্যাকিং হতে রক্ষা করে?**

a) Short | b) ব্যাক-আপ
c) ডি-ড্রাইভ | d) ফায়ার ওয়াল **ans. D**

**Solution:** সাইবার আক্রমন এড়াতে Firewall ব্যবহার করা যায়। Firewall প্রোটেক্টেড সিস্টেমে সাধারণ নেটওয়ার্কের ভিতর থেকে বাহিরের সবকিছু ব্যবহার করা যায়, তবে অন্য কোন অনাদিষ্ট ব্যবহারকারী এই নেটওয়ার্কে প্রবেশ করতে পারে না। শুধু বৈধ ব্যবহারকারীগণ এটি ব্যবহার করতে পারেন।

Recent Publication

***iii*) কম্পিউটারে যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি অপারেশন কোথায় সংঘটিত হয়?**

a) Logic unit
b) Arithmetic Logic Unit
c) Arithmetic unit
d) Control unit
***ans.* B**

**Solution:** ALU এর পূর্ণরূপ হলো Arithmetic logic unit. অ্যারিথমেটিক লজিক ইউনিট হচ্ছে কম্পিউটারের ক্যালকুলেটর স্বরূপ। এটা সকল গাণিতিক (Arithmetic) এবং সিদ্ধান্ত গ্রহণের (Decision Making Function) কাজ করে থাকে। গাণিতিক যুক্তি ইউনিটেই মূলত কম্পিউটারের মস্তিষ্ক হিসেবে কাজ করে।

***iv*) কোনটি ডাটাবেজ Language?**

a) Oracle
b) C
c) MS Word
d) কোনোটিই নয়
***ans.* A**

**Solution:** বিভিন্ন ধরনের প্রোগ্রাম ল্যাঙ্গুয়েজগুলো হলোঃ ORACLE, FORTRAN, ALGOL, LISP, COBOL, PL/1, Logo, APL, PROLOG, FORTH, Ada, BASIC, C, C++, Java ইত্যাদি।

***v*) ওয়েব পেজের ঠিকানাকে কী বলা হয়?**

a) HTTP
b) URL
c) WWW
d) FTP
***ans.* B**

**Solution:** **Uniform Resource Locator (URL):** কোনো ওয়েব পেজকে প্রদর্শন করতে ওয়েব ব্রাউজারে এর ঠিকানা নির্দিষ্ট করে দিতে হয়। URL হচ্ছে ওয়েবসাইটের একক ঠিকানা। পৃথিবীতে এক নামে একটি ওয়েব পেজ থাকে। প্রতিটি URL এ থাকেঃ ওয়েব প্রোটোকল, ওয়েব সার্ভারের নাম, সার্ভারের ডিরেক্টরি/ফোল্ডারের নাম এবং html ফাইলের নাম।

***13.* পূর্ণরূপ লিখুনঃ**

**a) CPU** → Central Processing Unit.
**b) DPI** → Dot Per Inch.
**c) IPS** → Instant Power Supply.
**d) OCR** → Optical Character Reader.
**e) IMEI** → International Mobile Equipment Identity.

***14.* পার্থক্য লিখুনঃ**

**a) WAN এবং LAN**

**Solution:** **WAN:** যেসব নেটওয়ার্ক দূরবর্তী স্থানসমূহের মাঝে করা হয়, তাকে WAN বলে। যেমনঃ ঢাকা, চট্টগ্রাম, নিউইয়র্ক এমন শহরগুলোর মধ্যে দিয়ে যদি নেটওয়ার্ক স্থাপন করা হয়, তবে তাকে WAN বলে। WAN এর নেটওয়ার্ক সাধারণত LAN এর নেটওয়ার্কের চেয়ে ধীর গতিসম্পন্ন হয়। WAN নেটওয়ার্কে অবশ্যই কোনো ইন্টারনেটওয়ার্কিং ডিভাইস যেমনঃ রাউটার, মডেম, ওয়্যান সুইচ ইত্যাদি ব্যবহার করতে হয়। WAN নেটওয়ার্ক সাধারণত ১০০ মাইলের বেশি দূরত্ব পর্যন্ত নেটওয়ার্ক কভারেজ করতে পারে।

**LAN:** সাধারণত ১০ কিমি বা তার কম এলাকার মধ্যে বেশ কিছু কম্পিউটার বা অন্য কোন পেরিফেরাল ডিভাইস সংযুক্ত করে যে নেটওয়ার্ক তৈরি করা হয়, তাকে লোকাল এরিয়া নেটওয়ার্ক বা LAN বলা হয়।

**b) Internet এবং Intranet**

**Solution:** **Internet** হলো Interconnected Network এর সংক্ষিপ্ত রূপ। এটা বিশেষ গেটওয়ে বা রাউটারের মাধ্যমে কম্পিউটার নেটওয়ার্কগুলো একে অপরের সাথে সংযোগ করার মাধ্যমে গঠিত হয়। ইন্টারনেটকে প্রায়ই নেট বলা হয়ে থাকে। ইন্টারনেট চালু হয় আন্তর্জাতিকভাবে ১৯৬৯ সালে আর বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে। এর জনক হলেন ভিন্টন জি কার্ফ।

**Intranet** হলো প্রাইভেট নেটওয়ার্কিং সিস্টেম। এটি সাধারণত কোনো প্রতিষ্ঠানের নিজেদের মধ্যে যোগাযোগের মাধ্যম। এটি অনেকগুলো লোকাল নেটওয়ার্কং এর সংযোগে গঠিত। Wide Area Network (WAN) এর মাধ্যমে নিজেদের নির্দিষ্ট নেটওয়ার্কে যুক্ত থাকে।

***15.* a) আদমশুমারী, ভোটার তালিকা, ভূমি জরিপ, পরিসংখ্যান ব্যুরোতে ব্যবহৃত হয় ------ এটি কোন ধরনের প্রোগ্রাম?** → আদমশুমারী, ভোটার তালিকা, ভূমি জরিপ বা পরিসংখ্যান ব্যুরোতে Database Management Software ব্যবহৃত হয়। এরকম কিছু Software হলোঃ MS Access, Oracle, Fox Pro, MS SQL server ইত্যাদি।



Recent Publication

b) **RTGS কী কাজে ব্যবহৃত হয়?** → রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট হলো RTGS. ইংরেজিতে Real time gross settlement. এটি একটি বিশেষায়িত অর্থ (Fund) স্থানান্তর ব্যবস্থা যার মাধ্যমে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকে তাৎক্ষণিক বা প্রকৃত সময়ে অর্থ স্থানান্তর করা যায়। RTGS মাধ্যমেই Interbank Fund Transfer হয়ে থাকে। তবে ১ লাখ টাকার নিচে হলে RTGS দ্বারা Fund Transfer করা যায় না।

c) **DBMS কী?** → Database management System (DBMS) হলো এমন একটি সফটওয়্যার যা ডেটাবেজ তৈরি, পরিবর্তন, সংরক্ষণ, নিয়ন্ত্রণ এবং পরিচালনার কাজে ব্যবহৃত হয়। DBMS এর উদাহরণ হলো MySQL, Postgre SQL, Microsoft Access, SQL Server, Oracle, Clipper ইত্যাদি।

d) **স্ক্যানার কী কাজে ব্যবহৃত হয়?** → Scanner অনেকটা ফটোকপি মেশিনের মতো। এর মাধ্যমে যে কোন লেখা, ছবি, ড্রয়িং অপজেক্ট ইত্যাদি স্ক্যান করে কম্পিউটারে ডিজিটাল ইমেজ হিসেবে কনভার্ট করা যায়। পরবর্তীতে বিভিন্ন সফটওয়্যার যেমনঃ Adobe Photoshop এর মাধ্যমে ডিজিটাল ইমেজকে ইচ্ছেমতো এডিট করা যায়।

e) **ওয়েবক্যাম কী?** → ওয়েবক্যাম হলো একটি ভিডিও ক্যামেরা যা কম্পিউটার থেকে কম্পিউটারে রিয়েল টাইম ইমেজ বা ভিডিও আদান-প্রদান করে। এর মাধ্যমে ইন্টারনেটে ভিডিও চ্যাটিং করা যায়। এর মাধ্যমে কম্পিউটার থেকে ভিডিও দেখে নিরাপত্তার কাজ করা যায় এবং ভিডিও রেকডিংও করা যায়।

*16.* **বাক্য রচনা করুনঃ**

a) **Big Data** → Big data refers to data sets that are too large or complex to be dealt with by traditional data-processing application software.

b) **ফিনটেক** → ফিনটেক সেবা প্রদানের নিমিত্তে বিশ্বজুড়ে স্টার্টআপের উত্থান গত কয়েক বছর ছিল চোখে পড়ার মতো।

c) **SWIFT** → The SWIFT messaging network is a component of the global payments system.

d) **সাইবার সিকিউরিটি** → সাইবার সিকিউরিটি হচ্ছে কোন সাইবার অ্যাটাক থেকে নেটওয়ার্ক, ডিভাইস এবং প্রোগ্রামগুলি সুরক্ষিত ও পুনরুদ্ধারের প্রক্রিয়া।

e) **রিজার্ভ** → কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে এ পর্যন্ত বাংলাদেশি মুদ্রায় ৫৮ হাজার কোটি ৫০৮ টাকার সমপরিমাণ ঋণ অনুমোদন দেওয়া হয়েছে।

*17.* **বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে তথ্য প্রযুক্তির ব্যবহার ও এর সম্ভাবনা বিষয়ে একটি সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখুন।**

***Solution:*** তথ্যপ্রযুক্তির ব্যবহারে বৈপ্লবিক পরিবর্তন এসেছে দেশের ব্যাংকিং সেবায়। এক দশকের ব্যবধানে আমূল বদলে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে গেছে ব্যাংকের সেবা। অর্থ লেনদেন থেকে শুরু করে বিভিন্ন পরিসেবার বিল এখন মেটানো যাচ্ছে ঘরে বসেই। পাল্টে গেছে ব্যাংকের সামনে গ্রাহকের দীর্ঘ লাইনের চিরচেনা দৃশ্য। শহর-গ্রামের দূরত্ব কমিয়ে এক বৈপ্লবিক পরিবর্তন এসেছে আধুনিক ব্যাংকিং সেবায়। গত কয়েক বছরের চেষ্টায় তথ্যপ্রযুক্তিতে ব্যাংকিং সেবায় যোগ হয়েছে মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, অনলাইন পেমেন্ট সিস্টেম, অনলাইন সিআইবি রিপোর্ট, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ভিসা কার্ডের মাধ্যমে ই-বাণিজ্য। রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি খাতের সব ব্যাংকই এখন প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা দিচ্ছে। এসব প্রযুক্তি ব্যবহার করে মানুষের মৌলিক ব্যাংকিং ও আর্থিক সেবা- যেমন রেমিটেন্স বিতরণ, ইউটিলিটি বিল পরিশোধ, বেতন-ভাতা প্রদান, এটিএম ইত্যাদি সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের হিসাব অনুযায়ী, শুধু মোবাইল ব্যাংকিং গ্রাহকই এখন এক কোটিরও বেশি, যার অধিকাংশই পল্লী এলাকার নাগরিক। মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বিশ্বের যে কোন স্থান থেকে গ্রামীণ জনসাধারণ খুব সহজে রেমিটেন্স সংগ্রহ করতে পারছে। এমনকি মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে দৈনিক লেনদেন হচ্ছে ২০ হাজার কোটি টাকার কাছাকাছি। এ ছাড়া দেশের পাশাপাশি আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রেও বাংলাদেশের গ্রাহকরা অনলাইনের মাধ্যমে কেনাকাটা করতে পারছে যে কোন সময়। গতানুগতিক ধারার ব্যাংকিং থেকে বেরিয়ে এখন মোবাইল ব্যাংকিংয়ে দেশব্যাপী যে কোন সময়, যে কোন স্থানে আর্থিক সেবার নিশ্চয়তা মিলছে। একই সঙ্গে সাধারণ মানুষের মধ্যে সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলতেও সাহায্য করছে এটি। সম্প্রতি মোবাইল ব্যাংকিংয়ের কারণে দ্রুত ও কম খরচে টাকা লেনদেন, বিশেষ করে গ্রামীণ জনপদে অর্থের প্রবাহ সবচেয়ে বৃদ্ধি পাচ্ছে। ব্যাংকগুলো যেন জনসাধারণের দোরগোড়ায় মোবাইল ব্যাংকিং সেবা পৌঁছে দিতে পারে সে জন্য বাংলাদেশ ব্যাংক এ পর্যন্ত ২৮ টি ব্যাংককে মোবাইল ব্যাংকিং কার্যক্রমের অনুমোদন দিয়েছে। এর মধ্যে ১৮ টি ব্যাংক তাদের কার্যক্রম চালু করেছে। ব্যাংকিং সেবাবহির্ভূত জনগণকে দেশব্যাপী মোবাইল ফোন নেটওয়ার্ক সুবিধায় আনা হচ্ছে। তারা যাতে এ পদ্ধতি ব্যবহার করে ব্যাংকিং সেবা পেতে পারে, সে জন্য ব্যাংকগুলোকে একটি নীতিমালার আওতায় আনতে মোবাইল ব্যাংকিং- বিষয়ে একটি অপারেটিং নীতিমালাও জারি করেছে বাংলাদেশ ব্যাংক।

Recent Publication

# Karmasangsthan Bank
## Recruitment Test for Assistant Officer
Examination Held On: 19.11.2021

***01.*** **নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয়?**

a) রক্তকরবী　　b) পুনশ্চ
c) ডাকঘর　　d) চিত্রাঙ্গদা　　***ans.* B**

**Solution:** 'রক্তকরবী' (১৯২৬), 'চিত্রাঙ্গদা' (১৮৯২) এবং 'ডাকঘর' (১৯১১) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক। আর 'পুনশ্চ' (১৯৩২) রবীন্দ্রনাথের গদ্যছন্দে রচিত প্রথম ও সার্থক কাব্যগ্রন্থ।

***02.*** **'মণিমঞ্জুষা' শব্দটির প্রমিত উচ্চারণ হলো -**

a) মনিমোঞ্জুশা　　b) মণিমোনঞ্জুসা
c) মোণিমোনঞ্জুষা　　d) মোনিমোন্‌জুশা　　***ans.* D**

***03.*** **'সমুদ্রের স্বাদ' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি-**

a) কাব্যগ্রন্থ　　b) গল্পগ্রন্থ
c) প্রবন্ধগ্রন্থ　　d) উপন্যাসগ্রন্থ　　***ans.* B**

**Solution:** 'সমুদ্রের স্বাদ' (১৯৪৩) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি গল্পগ্রন্থ। তাঁর রচিত প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ হলো 'অতসী মামী ও অন্যান্য গল্প' (১৯৩৫)। তাঁর উল্লেখযোগ্য উপন্যাস হলোঃ 'জননী' (১৯৩৫), 'দিবারাত্রির কাব্য' (১৯৩৫), 'পুতুলনাচের ইতিকথা' (১৯৩৬), 'পদ্মানদীর মাঝি' (১৯৩৬) ইত্যাদি।

***04.*** **চর্যাপদ হলো-**

a) একগুচ্ছ ধর্মোপদেশ　　b) সাধন সংগীত
c) জীবনাচরণ পদ্ধতি　　d) দেবী বন্দনা　　***ans.* B**

**Solution:** চর্যাপদ বাংলা ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন। ১৯০৭ খ্রিস্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবারের গ্রন্থাগার থেকে এর পুথি আবিষ্কার করেন। তাঁরই সম্পাদনায় ৪৭টি পদবিশিষ্ট পুঁথিখানি হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা (১৯১৬) নামে বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক প্রকাশিত হয়। তিনি পুথির সূচনায় একটি সংস্কৃত শ্লোক থেকে নামের যে ইঙ্গিত পান তাতে এটি চর্যাচর্যবিনিশ্চয় নামেও পরিচিত হয়। তবে সংক্ষেপে এটি 'বৌদ্ধগান ও দোহা' বা 'চর্যাপদ' নামেই অভিহিত হয়ে থাকে। চর্যাকাররা সহজযান ধর্মমতে দীক্ষিত ও সিদ্ধাচার্য নামে পরিচিত ছিলেন। তান্ত্রিক যোগসাধনা তাঁদের ধর্মমতের বৈশিষ্ট্য।

***05.*** **'নখ নাড়া' বাগধারাটির অর্থ**

a) ক্ষোভ প্রকাশ　　b) নিন্দা করা
c) তুষ্ট করা　　d) অহংকার প্রকাশ　　***ans.* D**

***06.*** **আঠারো বছরের বৈশিষ্ট্য নয়-**

a) ভয়ংকর　　b) ভীরু
c) নির্ভীর　　d) দুর্বার　　***ans.* B**

**Solution:** 'আঠারো বছর বয়স' সুকান্ত ভট্টাচার্যের একটি কবিতা। এটি ছাড়পত্র (১৯৪৭) কাব্যগ্রন্থের একটি কবিতা। কবির ধারণা আঠারো বছর বয়স সব অন্যায়ের বিরুদ্ধাচরণ করে। তাই এই বয়স 'ভীরু' নয়।

***07.*** **'পদ্মাবতী' একটি-**

a) মৌলিক রচনা　　b) অনুবাদ গ্রন্থ
c) ভ্রমণকাহিনী　　d) কোনটিই নয়　　***ans.* B**

**Solution:** 'পদ্মাবতী' একটি 'অনুবাদ গ্রন্থ' আর 'পদ্মাবতী' হলো 'পদুমাবৎ' কাব্যের অনুবাদ। মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলিম কবি আলাওল। তিনি সতের শতকের কবি। 'পদ্মাবতী' তাঁর অমর কীর্তি। হিন্দি কবি মালিক মুহম্মদ জায়সি ১৫৪০ সালে 'পদুমাবৎ' রচনা করেন। আলাওলের অন্যান্য গ্রন্থঃ 'হপ্ত পয়কর', 'সয়ফুলমুলুক বদিউজ্জামাল', 'সেকান্দার নামা', 'তোহফা' ইত্যাদি।

***08.*** **'মান্ধাতার আমল' এখানে 'মান্ধাতা' হলো-**

a) প্রাচীনকাল　　b) বহু পুরোনো কিছু
c) অন্ধকারময় অবস্থা　　d) এক রাজার নাম　　***ans.* D**

**Solution:** 'মান্ধাতা' সূর্যবংশের প্রাচীন রাজা। মান্ধাতার আমল বলতে পৌরাণিক রাজা মান্ধাতার শাসনকালকে বোঝায়। অতি প্রাচীনকাল বোঝাতেও এই শব্দটি ব্যবহৃত হয়।

***09.*** **'ঐকতান' বোঝায়-**

a) সমস্বর
b) ঐক্য
c) সমবেদনা
d) বংশীধ্বনি
***ans.*** **A**

**Solution:** 'ঐকতান' বলতে বোঝায়ঃ সম্মিলিত সুর; একাধিক বাদ্যযন্ত্রের সমবেত বাদন; একাধিক কণ্ঠে সমস্বরে গায়ন।

***10.*** **লিঙ্গান্তর হয় না, এমন শব্দ কোনটি?**

a) সাহেব
b) বেয়াই
c) সঙ্গী
d) কবিরাজ
***ans.*** **D**

**Solution:** কতগুলো শব্দ কেবল পুরুষ বোঝায়। যেমনঃ কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার ইত্যাদি। উল্লেখ্য, সাহেব - সাহেবান/বিবি; বেয়াই-বেয়াইন; সঙ্গী-সঙ্গিনী।

***11.*** **'যিনি বিদ্যা লাভ করিয়াছেন' এক কথায় কী বলে?**

a) কৃতবিদ্যা
b) কৃতবিদ্য
c) কৃতবিদ্বান
d) কৃতবিদ্দান
***ans.*** **B**

***12.*** **'একটি ধানের শীষের উপর একটি শিশির বিন্দু' পঙক্তিরচয়িতা কে?**

a) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
b) কাজী নজরুল ইসলাম
c) রবীন্দ্রনাথ ঠাকুর
d) জীবনানন্দ দাশ
***ans.*** **C**

**Solution:** কবি রবীন্দ্রনাথ ঠাকুর -এর একটি জনপ্রিয় বাংলা কবিতা হলো 'একটি শিশির বিন্দু'। এতে আছে-

বহু দিন ধরে বহু ক্রোশ দূরে/ বহু ব্যয় করি, বহু দেশ ঘুরে
দেখিতে গিয়েছি পর্বতমালা, / দেখিতে গিয়েছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া/ ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপরে/ একটি শিশিরবিন্দু।

***13.*** **'ফুলে ফুলে ঘর ভরেছে' বাক্যটিতে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্মে ১মা
b) অধিকরণে ৭মী
c) করণে ৭মী
d) কর্তায় ৭মী
***ans.*** **C**

**Solution:** করণ কারকের ৭মী বিভক্তির ব্যবহারঃ ফুলে ফুলে ঘর ভরেছে (ঘর ভরার উপকরণ-ফুল)। শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। লোকটা জাতিতে বৈষ্ণব। 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে। বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক।

***14.*** **প্রবেশ করার ইচ্ছেকে এককথায় কী বলা হয়?**

a) বিবিক্ষা
b) বিবিক্ত
c) বিবাসন
d) বিবর্ধন
***ans.*** **A**

***15.*** **'এখন গোল্লায় যাও' এটি কোন ক্রিয়ার উদাহরণ?**

a) মিশ্র ক্রিয়া
b) যৌগিক ক্রিয়া
c) ণিজন্ত ক্রিয়া
d) নামধাতুর ক্রিয়া
***ans.*** **A**

**Solution:** 'গোল্লায় যাও' হলো মিশ্রক্রিয়া। উল্লেখ্য, বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়্, ধর্, মার্, প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমনঃ

ক. বিশেষ্যের উত্তর (পরে)ঃ আমরা তাজমহল **দর্শন করলাম।**
খ. বিশেষণের উত্তর (পরে)ঃ তোমাকে দেখে বিশেষ **প্রীত** হলাম।
গ. ধ্বন্যাত্মক অব্যয়ের উত্তর (পরে)ঃ মাথা **ঝিম ঝিম্ করছে।** ঝম্ ঝম্ করে **বৃষ্টি পড়ছে।**

***16.*** **My best friend lives ____ the Chittaranjan Road.**

a) in
b) at
c) by
d) on
***ans.*** **B**



Recent Publication

**Solution:** Chittaranjan Road দ্বারা এখানে ছোট একটা স্থানকে বুঝানো হচ্ছে। তাই এর পূর্বে 'at' বসাতে হবে। আর বড় স্থানের পূর্বে 'in' বসাতে হয়। কিন্তু Live on অর্থ খেয়ে বাঁচা।
**বাক্যের অর্থঃ** আমার সবচেয়ে ভালো বন্ধু চিত্তরঞ্জন রোডে বাস করে।

*17.* **The word 'float' is the antonym of**
a) promote　　b) propose
c) reject　　d) offer　　***ans.* C**

**Solution:** Float – চালু করা; কোনো কিছু শুরুর জন্য আর্থিক সুবিধা পাওয়া। Promote – পদোন্নতি দান করা; সংবর্ধিত করা। Propose – প্রস্তাব দেওয়া/ করা। কিন্তু, Reject – বাতিল করা।

*18.* **The timely rain ____ good crops.**
a) brings in　　b) brings about
c) brings up　　d) bring forth　　***ans.* D**

**Solution:** Bring in – মুনাফা করা। Bring about – ঘটানো; স্মরণ করা বা করানো। Bring up – লালন পালন করা। Bring forth – উৎপন্ন করা; প্রসব করা। এখানে উৎপাদন করা অর্থে Bring forth বসবে।
**বাক্যের অর্থঃ** সময়মতো বৃষ্টি ভালো ফসল উৎপাদন করে।

*19.* **Verb of 'Number' is**
a) Number　　b) Enumerate
c) Numbering　　d) Numerical　　***ans.* B**

**Solution:** Enumerate অর্থ গণনা করা।

| Noun | Verb | Adjective |
|---|---|---|
| Number | Enumerate | Numeral, Numerous |

*20.* **Electric bulb filament is made of:**
a) Copper　　b) Aluminum
c) Zinc　　d) Tungsten　　***ans.* D**

**Solution:** ইলেকট্রিক বাল্ব এর ফিলামেন্ট টাংস্টেন ধাতু ব্যবহার করা হয়। কারণ টাংস্টেন উচ্চ তাপমাত্রায়ও সহজে জারিত হয় না। টাংস্টেন ধাতুর রোধাঙ্ক খুব বেশি, তাই ধাতুটির গলনাঙ্কও খুব বেশি। টাংস্টেন উচ্চ তাপমাত্রায়ও না গলে কঠিন অবস্থায় থাকে। এছাড়া এই ধাতু দ্বারা খুব সরু এবং সমান প্রস্থচ্ছেদবিশিষ্ট তার তৈরি করা যায়। ফলে টাংস্টেনের তৈরি ফিলামেন্টের রোধ খুব বেশি হয়। তড়িৎপ্রবাহ বেশি হলে ফিলামেন্টটিতে প্রচুর তাপ উৎপন্ন হয়। ফিলামেন্টটি উজ্জ্বল আলো বিকীর্ণ করে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ১.৫ ভোল্ট থেকে ১,০০০ ভোল্টের হয়ে থাকে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ব্যবহৃত শক্তির মাত্র ৫% আলোতে রূপান্তরিত করতে পারে, এজন্য এই বাল্বের চাহিদা দিন দিন হ্রাস পাচ্ছে।

*21.* **When was the spelling of the capital of Bangladesh changed from Dacca to Dhaka?**
a) 1982　　b) 1983
c) 1985　　d) 1984　　***ans.* A**

**Solution:** DACCA এর নাম ১৯৮২ সালে DHAKA-য় পরিবর্তন করা হয়। এটি ১৯৮৮ সালে সংবিধানের অষ্টম সংশোধনীর মাধ্যমে সংবিধানে সন্নিবেশিত করা হয়।

*22.* **____ the legendary lost continent of Atlantis may someday be found.**
a) The belief　　b) Believing
c) It is believed　　d) No article　　***ans.* C**

**Solution:** বিখ্যাত হারানো মহাদেশ Atlantis একদিন খুঁজে পাওয়া যাবে। শূন্যস্থানে It is believed অর্থাৎ 'বিশ্বাস করা হয়' বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। তাই সঠিক উত্তর হবে *c*).
**বাক্যের অর্থঃ** ধারণা করা হয় হারিয়ে যাওয়া Atlantis এবং মহাদেশ কোনো একদিন খুঁজে পাওয়া যাবে।

*23.* **Synonym of 'Disparity'**
a) Belittlement　　b) Harmony
c) Argumentation　　d) Difference　　***ans.* D**

**Solution:** Disparity = Difference – অসমতা; পার্থক্য। Belittlement – খর্বতা; হীনতা। Harmony – মিল; ঐকতান। Argumentation – যুক্তি প্রদর্শন।



Recent Publication

**24. Find the incorrectly spelt word:**

a) Faithfully
b) Sincerely
c) Truly
d) Affectionatly **ans. D**

**Solution:** Affectionatly এর সঠিক বানান হবে Affectionately যার অর্থ হলো স্নেহমাখা। Sincerely – আন্তরিকভাবে। Truly – প্রকৃতপক্ষে।

**25. Choose the correct sentence:**

a) Neither of the two men was stronger
b) Neither of the two men were strong
c) Either of the two men was stronger
d) Either of the two men was stronger **ans. Note**

**Solution:** Neither of, each of, either of এরপরে Plural noun বা Pronoun বসে এবং Verb টি Singular হয়। Each দ্বারা দুইয়ের প্রত্যেকটি এবং Neither দ্বারা দুইয়ের কোনোটিই নয় বুঝায়। তাই সঠিক উত্তর হবে অপশন *a*), *c*) এবং *d*).
**বাক্যের অর্থঃ** তাদের কেউ-ই সবল ছিল না।

**26. The pet cat jumped ____ the chair.**

a) from
b) out
c) off
d) on **ans. C**

**Solution:** Jump off অর্থ লাফ দিয়ে কোনো স্থান থেকে নামা আর Jump on অর্থ আক্রমণ করা বা তিরস্কার করা।
**বাক্যের অর্থঃ** বিড়ালটি চেয়ার থেকে লাফ দিলো।

**27. Which is the singular number?**

a) Agenda
b) Media
c) Hypothesis
d) Syllabi **ans. C**

**Solution:** অপশনগুলোর মধ্যে Hypothesis হলো Singular. কিন্তু বাকি Agenda, Media এবং Syllabi এই তিনটি Plural.

| *Singular* | *Plural* | *Meaning* |
|---|---|---|
| Hypothesis | Hypotheses | অনুসিদ্ধান্ত |
| Agendum | Agenda | আলোচ্যসূচী |
| Medium | Media | মাধ্যম |
| Syllabus | Syllabi | পাঠ্যসূচী; পাঠ্যক্রম |

**28. The idiom 'be all and end all' means**

a) by any means
b) supreme aim
c) whatever happens
d) everything **ans. B**

**Solution:** Be all and end all এটি একটি Idiom যার অর্থ হলো চূড়ান্ত লক্ষ্য বা Supreme aim, the ultimate aim or justification; the central and all-important part. অর্থাৎ '*be-all and end-all*' অর্থ Something considered to be of the utmost importance, something essential or ultimate. উদাহরণঃ His work was the '*be-all and end-all*' of his existence.

**29. "May Allah help you" it is an**

a) optative sentence
b) exclamatory sentence
c) assertive sentence
d) none of the above **ans. A**

**Solution:** যে Sentence এ মনের ইচ্ছা বা প্রার্থনা প্রকাশ পায় তাকে Optative বাক্য বলে। Structure: May + Subject + Verb + Extension.
**বাক্যের অর্থঃ** আল্লাহ তোমার সহায় হোন।

**30. The correct translation of "নাচতে না জানলে উঠোন বাঁকা" is**

a) Bad workman quarrels with his tools
b) A bad dancer complains about the stage
c) The wearer the shoe pinches
d) Pride goes before destruction **ans. A**

**Solution:** Bad workman quarrels with his tools অর্থ নাচতে না জানলে উঠোন বাঁকা। Pride goes before destruction অর্থ অতি দর্পে হত লংকা। আর The wearer best knows where the shoe pinches অর্থ হলো যার জ্বালা সে-ই জানে।

***31.*** **একটি আয়তকার বাগানের দৈর্ঘ্য ২৩ মিটার এবং প্রস্থ ১৭ মিটার হলে বাগানের পরিসীমা কত?**

a) ৪০ মিটার　　　b) ৪০০ মিটার

c) ১৬০ মিটার　　　d) ৮০ মিটার　　　***ans.*** **D**

**Solution:** আমরা জানি, পরিসীমা = ২ × (দৈর্ঘ্য + প্রস্থ) = ২ × (২৩ + ১৭) = ৮০ মিটার।

***32.*** **দুইটি সংখ্যার যোগফল ৬০ এবং বিয়োগফল ১০ হলে, বড় সংখ্যাটি কত?**

a) ৩৫　　　b) ৪০

c) ৩০　　　d) ৪৫　　　***ans.*** **A**

**Solution:** ধরি, বড় সংখ্যাটি $x$ এবং ছোট সংখ্যাটি $y$

প্রশ্নমতে, $x + y =$ ৬০

$x - y =$ ১০

২$x =$ ৭০

$\therefore$ $x =$ ৩৫

***33.*** **কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ ১ হবে?**

a) ২১　　　b) ৩১

c) ৩৯　　　d) ১৯　　　***ans.*** **B**

**Solution:** ৩, ৫ এবং ৬ এর ল. সা. গু. = ৩০

$\therefore$ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ৩০ + ১ = ৩১

***34.*** **একটি পণ্য বিক্রয় করে পাইকারি বিক্রেতা ২০% এবং খুচরা বিক্রেতা ২০% লাভ করে। যদি দ্রব্যটি খুচরা বিক্রয়মূল্য ৫৭৬ টাকা হয়, তবে পাইকারি বিক্রেতার ক্রয় মুল্য কত?**

a) ২৫০　　　b) ৩০০

c) ৪০০　　　d) ৪৮০　　　***ans.*** **C**

**Solution:** মনে করি, পাইকারি বিক্রয়মূল্য = ১০০ টাকা

$\therefore$ ২০% লাভে, পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য = ১০০ + ২০ = ১২০ টাকা

পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য = খুচরা বিক্রেতার ক্রয়মূল্য = ১২০ টাকা

$\therefore$ ২০% লাভে, খুচরা বিক্রেতার বিক্রয়মূল্য = ১২০ + ১২০ × ২০% = ১৪৪ টাকা

বিক্রয়মূল্য ১৪৪ টাকা হলে ক্রয়মূল্য = ১২০ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য ৫৭৬ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১২০}{১৪৪} \times ৫৭৬ = ৪৮০$ টাকা

খুচরা বিক্রেতার ক্রয়মূল্য = পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য = ৪৮০ টাকা

পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

$\therefore$ পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য ৪৮০ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৪৮০}{১২০} = ৪০০$ টাকা

***35.*** **$4^{x+1} = 32$ হলে $x =$ কত?**

a) $\frac{2}{3}$　　　b) $\frac{3}{5}$

c) $\frac{3}{8}$　　　d) $\frac{3}{2}$　　　***ans.*** **D**

**Solution:** দেওয়া আছে, $4^{x+1} = 32$

$\Rightarrow 2^{2x+2} = 2^5$

$\Rightarrow 2x + 2 = 5$

$\therefore x = \frac{5-2}{2} = \frac{3}{2}$

***36.*** **১০ টাকায় ১২টি দরে জিনিস ক্রয় করে ১০ টাকায় ৮টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?**

a) ৫০%　　　b) ৪০%

c) ৬০%　　　d) ৩০%　　　***ans.*** **A**

Recent Publication

**Solution:** ১২টির ক্রয়মূল্য = ১০ টাকা

$\therefore$ ১টির ক্রয়মূল্য = $\frac{১০}{১২} = \frac{৫}{৬}$ টাকা

আবার, ৮টির বিক্রয়মূল্য = ১০ টাকা

$\therefore$ ১টির বিক্রয়মূল্য = $\frac{১০}{৮} = \frac{৫}{৪}$ টাকা

$\therefore$ লাভ হয় = $\frac{৫}{৪} - \frac{৫}{৬} = \frac{১৫ - ১০}{১২} = \frac{৫}{১২}$ টাকা

$\frac{৫}{৬}$ টাকায় লাভ হয় = $\frac{৫}{১২}$ টাকা

$\therefore$ ১০০ টাকায় লাভ হয় = $\frac{৫}{১২} \times \frac{৬}{৫} \times ১০০ = ৫০$ টাকা বা ৫০%

**37. $p$ এর মান কত হলে, $4x^2 - px + 9$ একটি পূর্ণ বর্গ হবে?**

a) 6 b) 11
c) 10 d) 12 **ans. D**

**Solution:** $4x^2 - Px + 9$ রাশিটি পূর্ণবর্গ হলে এর মূলদ্বয় সমান হবে। অর্থাৎ $b^2 - 4ac = 0$ হয়।

সেক্ষেত্রে, $p^2 - 4 \times 4 \times 9 = 0$

$\Rightarrow p^2 - 144 = 0$

$\Rightarrow p^2 = 144$

$\therefore p = 12$

**38. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?**

a) 10 b) 12
c) 8 d) 14 **ans. A**

**Solution:** $\frac{1}{x} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}} = \frac{1(\sqrt{3} - \sqrt{2})}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})} = \sqrt{3} - \sqrt{2}$

দেয়া আছে, $x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2 \times x \times \frac{1}{x}$

$= (\sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2})^2 - 2 = (2\sqrt{3})^2 - 2 = 12 - 2 = 10.$

**39. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ. সা. গু ৪ হলে, ছোট সংখ্যাটি কত?**

a) ১০ b) ১৫
c) ২০ d) ২৫ **ans. C**

**Solution:** অনুপাতকে গ.সা.গু দ্বারা গুণ করলে সংখ্যা দুটি পাওয়া যাবে।

$\therefore$ ১ম সংখ্যাটি = ৫ × ৪ = ২০

এবং ২য় সংখ্যাটি = ৬ × ৪ = ২৪

$\therefore$ ছোট সংখ্যাটি ২০।

> **Shortcut:** ছোট সংখ্যা = ছোট অনুপাত × গ. সা. গু
> = ৫ × ৪ = ২০

**40. একটি বৃত্তাকার মাঠের ব্যাস 26 মিটার। মাঠটির বাইরে চারদিকে 2 মিটার চওড়া রাস্তা রয়েছে। রাস্তাসহ মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার?**

a) $169\pi$ b) $121\pi$
c) $144\pi$ d) $225\pi$ **ans. D**

**Solution:** প্রশ্নানুযায়ী প্রথমে চিত্র আঁকিঃ




বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ = $\frac{২৬}{২}$ = ১৩ মিটার

রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ = ১৩ + ২ = ১৫ মিটার

অতএব, রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল = $\pi(১৫)^২ = ২২৫\pi$ বর্গমিটার

Recent Publication
Recent Publication

**41. ৫ বছর পূর্বে পিতা পুত্রের বয়সের অনুপাত ছিল ৩ ঃ ১। আর ১৫ বছর পরে পিতা পুত্রের বয়সের অনুপাত ২ ঃ ১। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?**

a) ৭৫, ২৫ b) ৬০, ২০
c) ৬৫, ২৫ d) ৩০, ৭০ ***ans.* C**

**Solution:** ধরি, ৫ বছর পূর্বে পিতার বয়স ছিল ৩$x$ বছর এবং পুত্রের বয়স ছিল $x$ বছর
অতএব, বর্তমানে পিতার বয়স = (৩$x$ + ৫) বছর এবং পুত্রের বয়স = ($x$ + ৫) বছর

প্রশ্নমতে, $\frac{৩x + ৫ + ১৫}{x + ৫ + ১৫} = \frac{২}{১}$

$\Rightarrow \frac{৩x + ২০}{x + ২০} = ২$

$\Rightarrow ৩x + ২০ = ২x + ৪০$

$\Rightarrow ৩x - ২x = ৪০ - ২০$

$\therefore x = ২০$

অতএব, বর্তমানে পিতার বয়স = (৩$x$ + ৫) বছর = (৩ × ২০) + ৫ = ৬০ + ৫ = ৬৫ বছর
এবং বর্তমানে পুত্রের বয়স = ($x$ + ৫) বছর = ২০ + ৫ = ২৫ বছর

**42. এক ব্যক্তি ঘণ্টায় ৮ কিঃ মিঃ দৌড়ে কত মিনিটে ৫,২০০ মিটার পার হবে**

a) ৩৬ মিনিট b) ৩৫ মিনিট
c) ৩৯ মিনিট d) ৩৮ মিনিট ***ans.* C**

**Solution:** আমরা জানি, ১ কিলোমিটার = ১,০০০ মিটার
∴ ৮ কিলোমিটার = ১,০০০ × ৮ = ৮,০০০ মিটার
আমরা জানি, ১ ঘণ্টা = ৬০ মিনিট
৮,০০০ মিটার পথ যাবে = ৬০ মিনিটে

∴ ১ মিটার পথ যাবে = $\frac{৬০}{৮০০০}$ মিনিটে

∴ ৫,২০০ মিটার পথ যাবে = $\frac{৬০ \times ৫২০০}{৮০০০}$ = ৩৯ মিনিটে

**43. যদি $x = -3$ এবং $y = 2$ হয়, তবে $xy^2$ = কত?**

a) 36 b) – 36
c) – 12 d) 12 ***ans.* C**

**Solution:** দেওয়া আছে, $xy^2 = -3 \times (2)^2 = -3 \times 4 = -12$

**44. কোনটি ত্রিভুজের ক্ষেত্রফল?**

a) $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা b) $\frac{1}{2}$ × লম্ব × উচ্চতা
c) লম্ব × ভূমি d) ভূমি × উচ্চতা ***ans.* A**

**45. একটি ক্লাসে ৯% শিক্ষার্থী A গ্রেড পেয়েছে। যদি ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা ৩০০ হয় তবে কত জন শিক্ষার্থী A গ্রেড পেয়েছে?**

a) ২১ b) ৯
c) ২৭ d) ২৮ ***ans.* C**

**Solution:** ১০০ জনে A গ্রেড পেয়েছে = ৯ জন

∴ ৩০০ জনে A গ্রেড পেয়েছে = $\frac{৯ \times ৩০০}{১০০}$ = ২৭ জন

**46. নিচের কোনটির যোগাযোগের দূরত্ব সবচেয়ে কম?**

a) Wi-Fi b) Bluetooth
c) Wi-Max d) Cellular Network ***ans.* B**

Recent Publication

***47.*** **Bluetooth কীসের উদাহরণ?**

a) Personal Area Network | b) Local Area Network
c) Virtual Private Network | d) কোনটিই নয় | ***ans.* A**

**Solution:** ব্লুটুথ হলো তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানে ব্যবহৃত হয়। এর দূরত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটার হয়ে থাকে। ব্লুটুথ প্রযুক্তিতে কম ক্ষমতাসম্পন্ন বেতার তরঙ্গ (Radio Wave) ব্যবহার করা হয়। Personal Area Network এর আরও কিছু উদাহরণ হলোঃ Wi-Fi, IrDA ইত্যাদি।

***48.*** **এক Word কত বিট বিশিষ্ট হয়?**

a) 8 | b) 16
c) 4 | d) 2 | ***ans.* A**

**Solution:** কম্পিউটারের সকল শব্দই ০ বা ১ বিট হিসেবে থাকে। ৮ বিশিষ্ট শব্দকে বাইট বলা হয়। কোন শব্দে যতগুলো বিট থাকে সেই সংখ্যাকে বলে শব্দ দৈর্ঘ্য। সাধারণত শব্দ দৈর্ঘ্য ৮ গুণিতকে ৮ থেকে ৬৪ বিটে হয়।

***49.*** **কম্পিউটার সিপিইউ (CPU) এর কোন অংশ গাণিতিক সিদ্ধান্ত গ্রহণের কাজ করে?**

a) এ. এল. ইউ (ALU) | b) কন্ট্রোল ইউনিট (Control unit)
c) রেজিস্টার (Register set) | d) কোনোটিই নয় | ***ans.* A**

**Solution:** ALU এর পূর্ণরূপ হলো Arithmetic logic unit. অ্যারিথমেটিক লজিক ইউনিট হচ্ছে কম্পিউটারের ক্যালকুলেটর স্বরূপ। এটা সকল গাণিতিক (Arithmatic) এবং সিদ্ধান্ত গ্রহণের (Decision Making Function) কাজ করে থাকে। গাণিতিক যুক্তি ইউনিটেই মূলত কম্পিউটারের মস্তিষ্ক হিসেবে কাজ করে।

***50.*** **নিচের কোনটি 3G Language নয়?**

a) C | b) Java
c) Assembly Language | d) Machine Language | ***ans.* C & D**

**Solution:** 3G Language হলোঃ Java, C, C++, Visual Basic, Python, JavaScript, ALGOL, COBOL, LISP, PL/1, FORTRAN, LOGO, FORTH, PASCAL, ADA, APL, Oracle ইত্যাদি। উল্লেখ্য, Machine Language সাধারণত Lower level language যা 0 and 1 এর উপর ভিত্তি করে কাজ করে। Object code সাধারণত CPU কে কি করতে হবে তা নির্দেশ করে। দ্বিতীয় প্রজন্ম বা সেকেন্ড জেনারেশন ভাষা (১৯৫০)ঃ অ্যাসেম্বলি ভাষা (Assembly Language).

***51.*** **কম্পিউটার মেমোরি থেকে সংরক্ষিত ডাটা উত্তোলনের পদ্ধতিকে কী বলে?**

a) Read-Out | b) Read form
c) Read | d) উপরের সবগুলোই | ***ans.* C**

**Solution:** কম্পিউটারে আমরা যখন কোনো তথ্য রাখি, তা কম্পিউটার মেমোরিতে জমা থাকে এবং পরবর্তীতে আমাদের চাহিদা অনুযায়ী কম্পিউটার তা মেমোরি থেকে Read (পড়ে নিয়ে) করে আমাদের প্রদান করে থাকে। তাই সঠিক উত্তর হবে অপশন *c*).

***52.*** **কম্পিউটার ভাইরাস কী?**

a) একটি ক্ষতিকারক জীবাণু | b) একটি ক্ষতিকারক সার্কিট
c) একটি ক্ষতিকারক চৌম্বক ফ্লাক্স | d) একটি ক্ষতিকারক প্রোগ্রাম | ***ans.* D**

**Solution:** কম্পিউটার ভাইরাস এ ধরনের প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ (Self Executed), সংক্রমণ (Self Extracted), নিজস্ব সংখ্যাবৃদ্ধি (Self Replicated) করে। এই প্রোগ্রাম কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং অস্বস্তিদায়ক কাজ করতে বাধ্য করে। এই প্রোগ্রামের উদ্দেশ্য কম্পিউটার ব্যবহারকারীকে বিড়ম্বনায় ফেলা। কম্পিউটারের পরিভাষায় ভাইরাস (Virus) শব্দটির পূর্ণরূপ হলো Vital Information Resources Under Seize অর্থাৎ গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে। গবেষক ফ্রেডরিক কোহেন (Frederick Cohen) এই ভাইরাসের নামকরণ করেন। এটি একটি Software বা প্রোগ্রাম যা দ্বারা কম্পিউটারের অপারেটিং সিস্টেম ক্ষতিসাধন করে থাকে।

***53.*** **কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে কী বলে?**

a) RAM | b) ROM
c) হার্ডওয়্যার | d) সফটওয়্যার | ***ans.* B**



Recent Publication
Recent Publication

**Solution:** ROM একটি স্থায়ী প্রকৃতির প্রধান মেমোরি। রমের স্মৃতিতে রক্ষিত তথ্যসমূহ কেবল ব্যবহার করা যায় কিন্তু সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা যায় না। তাই একে Read Only Memory বলা হয়। কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয় কিছু প্রোগ্রাম রম স্মৃতিতে স্থায়ীভাবে সংরক্ষিত থাকে। তবে এটা মুছে পুনঃপুনঃ প্রোগ্রাম করা যায় এমন রমও আছে। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে রমে রক্ষিত তথ্যাদি মুছে যায় না।

**54. ডিজিটাল টেলিফোনের প্রধান বৈশিষ্ট্য-**

a) ডিজিটাল সিগন্যাল বার্তা প্রেরণ
b) বোতাম টিপে ডায়াল করা
c) অপটিক্যাল ফাইবারের ব্যবহার
d) নতুন ধরনের মাইক্রোফোন
**ans. A**

**Solution:** ডিজিটাল টেলিফোনের প্রধান বৈশিষ্ট্য হলো এটি ডিজিটাল সিগন্যালে বার্তা প্রেরণ করে। ডিজিটাল সিগন্যাল বৈদ্যুতিক সংকেত 'on' এবং 'off' এর মতো কাজ করে।

**55. MICR এর পূর্ণরূপ কী?**

a) Magnetic Ink Character Reader
b) Magnetic Ink Case Reader
c) Magnetic Ink Code Reader
d) কোনোটিই নয়
**ans. A**

**Solution:** MICR এর পূর্ণরূপ Magnetic Ink Character Reader. এটি ব্যাংক চেক বা ডকুমেন্টে মেশিন পাঠযোগ্য বিশেষ কিছু লেখার প্রযুক্তি, যা বিশেষ চুম্বকীয় কালিতে লেখা হয় বা এভাবে লেখা কিছুকে MICR দ্বারা কম্পিউটারকে সরাসরি পড়ানো হয়। বাংলাদেশের ব্যাংকে MICR পদ্ধতিতে চেক বই ব্যবহৃত হয়।

**56. বাংলাদেশ কত সালে OIC এর সদস্যপদ লাভ করে?**

a) ১৯৭৩
b) ১৯৭৪
c) ১৯৭৫
d) ১৯৭৬
**ans. B**

**Solution:** ২৩ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে OIC এর ২য় সম্মেলনে ৩২তম দেশ হিসেবে বাংলাদেশ এই সংস্থাটির সদস্যপদ লাভ করে। এই সংস্থাটির সদরদপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত। এর দাপ্তরিক ভাষা ৩টি। যথাঃ আরবি, ফারসি ও ইংরেজি।

**57. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল এর প্রধান কার্যালয় কোথায়?**

a) ফ্রান্স
b) জার্মানি
c) নেদারল্যান্ড
d) হাঙ্গেরি
**ans. B**

**Solution:** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল জার্মানির বার্লিনভিত্তিক দুর্নীতিবিরোধী একটি বেসরকারি আন্তর্জাতিক সংস্থা। এই সংস্থাটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। আর ১৯৯৬ সাল থেকে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশে (TIB) কার্যক্রম শুরু করে।

**58. জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে?**

a) ECOSOC
b) FAO
c) WHO
d) HRC
**ans. C**

**Solution:** WHO করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে। চীনের উহান অঞ্চলে প্রথম কোভিড-১৯ বা করোনা ভাইরাস রোগের প্রাদুর্ভাব শুরু হয়। চীন সরকার কতৃর্ক ৩১ ডিসেম্বর ২০১৯ এ প্রথম আনুষ্ঠানিকভাবে বিশ্বস্বাস্থ্য সংস্থাকে কোভিড-১৯ রোগ সম্পর্কে অবহিত করা হয়। WHO বা বিশ্বস্বাস্থ্য সংস্থা ৩০ জানুয়ারি ২০২০ ভাইরাস সম্পর্কে বিশ্বব্যাপী জনস্বাস্থ্য সতর্কতা জারি করে এবং ১১ মার্চ ২০২০ মহামারি বা অতিমারি (Pandemic) হিসেবে ঘোষণা করে। জানুয়ারি ২০২০ হতে চীনের উহান থেকে করোনা ভাইরাস বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে।

**59. কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্র ভাষার মর্যাদা দিয়েছে?**

a) রুয়ান্ডা
b) সিয়েরা লিওন
c) সুদান
d) লাইবেরিয়া
**ans. B**

**Solution:** আফ্রিকার দেশ সিয়েরালিওন ২০০৮ সালে বাংলাকে সে দেশের ২য় ভাষা হিসেবে স্বীকৃতি দেয়। কারণ জাতিসংঘ শান্তিরক্ষি মিশনে বাংলাদেশী সৈন্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

**60. নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিতি?**

a) BIMSTEC
b) CICA
c) IORA
d) SAARC
**ans. A**

**Solution:** BIMSTEC (Bay of Bengal Initative for Multi Sectoral Technical and Economic Co-operation) এটি দক্ষিণ ও দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক জোট। এ সংস্থাটি প্রতিষ্ঠিত হয় ৬ জুন ১৯৯৭ সালে। এর সদস্য সংখ্যা ৭টি যথাঃ বাংলাদেশ, ভারত, মায়ানমার, শ্রীলংকা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান (সর্বশেষ সদস্য নেপাল, ভুটান)।

Recent Publication

*61.* **UNHCR এর সদর দপ্তর কোথায়?**

a) নিউইয়র্ক | b) রোম
c) জেনেভা | d) লন্ডন | ***ans.* C**

**Solution:** UNHCR এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত। উল্লেখ্য, UNHCR হলো United Nations High Commissioner for Refugees বা জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন।

*62.* **মাথাপিছু গ্রিনহাউজ গ্যাস উদগিরণে সবচেয়ে বেশি দায়ী নিচের কোন দেশটি?**

a) রাশিয়া | b) যুক্তরাষ্ট্র
c) ইরান | d) জার্মানি | ***ans.* B**

*63.* **The International Court of Justice is located in-**

a) New York | b) London
c) Geneva | d) Hague | ***ans.* D**

**Solution:** International Court of Justice বা আন্তর্জাতিক আদালত ২৪ অক্টোবর ১৯৪৫ (কার্যক্রম শুরু ১৮ এপ্রিল, ১৯৪৬) সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর দি হেগ, নেদারল্যান্ডসে। এই আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন এবং তাদের মেয়াদকাল ৯ বছর।

*64.* **নিচের কোন সংস্থাটি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দিয়েছে?**

a) UNDP | b) UNESCO
c) UNICEF | d) UNCTAD | ***ans.* B**

**Solution:** UNESCO 17 November 1999 সালে 21 February কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় 2000 সালে।

*65.* **আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে কোনটি?**

a) সুয়েজ খাল | b) মিসিসিপি
c) ভলগা | d) পানামা খাল | ***ans.* D**

**Solution:** পানামা খাল মধ্য আমেরিকার দেশ পানামায় অবস্থিত। এই খালটি আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। উল্লেখ্য, সুয়েজখাল লোহিতসাগর ও ভূ-মধ্যসাগর দুইটি সাগরকে সংযুক্ত করেছে। ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা' আর উত্তর আমেরিকা মহাদেশের দীর্ঘতম নদীর নাম মিসিসিপি।

*66.* **'আমার দেখা নয়া চীন' কে লিখেছেন?**

a) মাওলানা ভাসানী | b) আবুল ফজল
c) শহীদুল্লা কায়সার | d) শেখ মুজিবুর রহমান | ***ans.* D**

**Solution:** 'আমার দেখা নয়া চীন' বইটির লেখক হলেন শেখ মুজিবুর রহমান (বঙ্গবন্ধুর ৩য় গ্রন্থ)। উল্লেখ্য, ১৯৫২ সালের অক্টোবরে গণচীনের পিকিংয়ে অনুষ্ঠিত এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় শান্তি সম্মেলন উপলক্ষে শেখ মুজিবের চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে রচিত হয়। গ্রন্থটির ভূমিকা লেখেন শেখ হাসিনা (৭ ডিসেম্বর ২০১৯)। বইটির প্রকাশক হলো বাংলা একাডেমি। আর ইংরেজি অনুবাদক হলেন ড. ফখরুল আলম; ইংরেজি নাম হলো 'New China-1952'.

*67.* **'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী?**

a) একটি দেশের নাম | b) ম্যানগ্রোভ বন
c) একটি দ্বীপ | d) সাবমেরিন ক্যানিয়ন | ***ans.* D**

**Solution:** সোয়াচ অব নো গ্রাউন্ড (Swatch of No Ground) খাদ আকৃতির সামুদ্রিক অববাহিকা বা গিরিখাত, যা বঙ্গোপসাগরের মহীসোপানকে কৌণিকভাবে অতিক্রম করেছে। বাংলাদেশের বঙ্গোপসাগরের একটি সংরক্ষিত স্থান হলো সোয়াচ অব নো গ্রাউন্ড। এর অর্থ হলো, যার কোনো তল নেই। এটি গঙ্গা-ব্রহ্মপুত্র বদ্বীপের পশ্চিমে অবস্থিত। গঙ্গা খাদ নামেও এটি পরিচিত।

*68.* **স্বাধীনতা সংগ্রামের একমাত্র নৌ-সেক্টর কোনটি?**

a) ১ নম্বর সেক্টর | b) ১০ নম্বর সেক্টর
c) ৩ নম্বর সেক্টর | d) ৫ নম্বর সেক্টর | ***ans.* B**



Recent Publication

**Solution:** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বিজয় নিশ্চিত করতে এবং যুদ্ধ সুষ্ঠভাবে পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ জুলাই সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়। তন্মধ্যে ১০নং সেক্টর নৌ-কমান্ড নিয়ে গঠিত হয়। এ সেক্টরের কোনো নিয়মিত কমান্ডার ছিলেন না। এ সেক্টর গঠনের উদ্যোক্তা ছিলেন ফ্রান্সে প্রশিক্ষণরত তৎকালীন পাকিস্তান নৌবাহিনীর আটজন বাঙালি কর্মকর্তা।

**69. মেট্রোরেলের অর্থায়নের উৎস -**

a) বাংলাদেশ ও এডিবি
b) বাংলাদেশ ও চীন
c) বাংলাদেশ ও বিশ্বব্যাংক
d) বাংলাদেশ ও জাপান
***ans. D***

**Solution:** মেট্রোরেলের অর্থায়নের উৎস বাংলাদেশ এবং জাপান। উল্লেখ্য,

| মেগা প্রজেক্ট | অবস্থান | সহায়তাকারী |
|---|---|---|
| মেট্রোরেল প্রকল্প | উত্তরা-মতিঝিল, ঢাকা | জাইকা, জাপান |
| রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র | ঈশ্বরদী, পাবনা | রাশিয়া |
| মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্র | মহেশখালী, কক্সবাজার | জাপান |
| রামপাল বিদ্যুৎ প্রকল্প | রামপাল, বাগেরহাট | ভারত |

| মেগা প্রজেক্ট | অবস্থান | সহায়তাকারী |
|---|---|---|
| পদ্মা সেতু | মুন্সিগঞ্জ-শরীয়তপুর | বাংলাদেশ |
| পদ্মা রেল সেতু | ঢাকা-যশোর | চীন |
| দোহাজারী-ঘুমধুম রেলসংযোগ | দোহাজারী-ঘুমধুম | ADB |
| পায়রা সমুদ্রবন্দর | কলাপাড়া, পটুয়াখালী | চীন |

**70. 'বাংলাপিডিয়া' প্রকাশের উদ্যোক্তা-**

a) বাংলা একাডেমি
b) বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
c) মুক্তিযুদ্ধ জাদুঘর
d) দি ইউনিভার্সিটি প্রেস লি.
***ans. B***

**Solution:** বাংলাপিডিয়া এশিয়াটিক সোসাইটির (১৯৫২ সালে প্রতিষ্ঠিত হয়) উদ্যোগে গঠিত হয়েছে। বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বাংলাদেশের প্রথম জাতীয় জ্ঞানকোষ।

**71. বাংলাদেশ সরকার এ পর্যন্ত কতটি পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছে?**

a) ০৬টি
b) ০৭টি
c) ০৮টি
d) ০৯টি
***ans. C***

**Solution:** বাংলাদেশ সরকার এ পর্যন্ত ৮টি পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছে। উল্লেখ্য, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ হলো জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ সাল পর্যন্ত। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অনুমোদন হয়েছে ২৮ ডিসেম্বর ২০২০ (একনেকের সভায়)। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্থিরলক্ষ্য 'রূপকল্প ২০৪১'।

**72. মুজিববর্ষ সমাপ্ত হবে কত তারিখে?**

a) ১৬ ডিসেম্বর, ২০২২
b) ১৬ অক্টোবর, ২০২১
c) ১৬ নভেম্বর, ২০২০
d) ১৬ ডিসেম্বর, ২০২১
***ans. D***

**Solution:** মুজিববর্ষ সমাপ্ত সমাপ্ত হবে ১৬ ডিসেম্বর ২০২১ সালে। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক (১৪ ডিসেম্বর ২০২০) মুজিববর্ষের সময়কাল বর্ধিত করা হয় (পূর্বের সময়কাল ছিলো ১৭ মার্চ ২০২০ সাল থেকে ২৬ মার্চ ২০২১ সাল পর্যন্ত)।

**73. বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণকারী শীর্ষ দেশ কোনটি?**

a) সৌদি আরব
b) কুয়েত
c) সংযুক্ত আরব আমিরাত
d) যুক্তরাষ্ট্র
***ans. A***

**Solution:** ২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশের দেশ ভিত্তিক রেমিট্যান্স (প্রকাশকঃ বাংলাদেশ ব্যাংক) প্রথম দেশ হলো সৌদি আরব (৫,৭২১.৪১), দ্বিতীয় দেশ হলো যুক্তরাষ্ট্র (৩,৪৬১.৬৮) এবং তৃতীয় দেশ হলো সংযুক্ত আরব আমিরাত (২,৪৩৯.৯৯)।

**74. মুজিব শতবর্ষ লোগোটির ডিজাইনার কে?**

a) সব্যসাচী হাজরা
b) উত্তম সেন
c) শিশির ভট্টাচার্য্য
d) ধ্রুব এষ
***ans. A***

**Solution:** মুজিব বর্ষের লোগোর ডিজাইনার সব্যসাচী হাজরা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন 'মুজিব শতবর্ষ' উপলক্ষে লোগো প্রকাশ করা হয়েছে। ১০ জানুয়ারি ২০২০ বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মুজিব বর্ষের ক্ষণগণনা শুরু এবং লোগো উন্মোচন করা হয়।

Recent Publication

**75. বিমান বাংলাদেশ এয়ারলাইনসে যুক্ত হওয়া সর্বশেষ দুটি বিমানের নাম হলো-**

a) আকাশতরী ও শ্বেত বলাকা
b) আকাশতরী ও হংস বলাকা
c) আকাশতরী ও গাংচিল
d) আকাশতরী ও শ্বেত কবুতর **ans. A**

**Solution:** বিমান বাংলাদেশ এয়ারলাইনসে যুক্ত হওয়া সর্বশেষ দুটি বিমানের নাম হলো 'আকাশতরী ও শ্বেত বলাকা'। উল্লেখ্য, বাংলাদেশ বিমান বহরে বর্তমানে উড়োজাহাজের সংখ্যা ২১টি।

**76. বাংলাদেশ কোন সালে আনুষ্ঠানিকভাবে উন্নয়শীল দেশ হিসেবে স্বীকৃতি লাভ করবে?**

a) ২০২৪
b) ২০২৮
c) ২০২৬
d) ২০৩০ **ans. C**

**Solution:** স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে বের হয়ে যাওয়ার সুপারিশ পায় বাংলাদেশ। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি রাতে ৫ দিনের বৈঠক শেষে এ সুপারিশ করে। সিডিপির এলডিসি-সংক্রান্ত উপগ্রুপের প্রধান টেফেরি টেসফাসো পরে এক অনলাইন ব্রিফিংয়ে এই কথা জানায়। তবে বাংলাদেশকে LDC থেকে বের হতে ২০২৬ সাল পর্যন্ত অপেক্ষা করতে হবে।

**77. প্রাচীন পুণ্ড্রবর্ধন নগর কোন স্থানে অবস্থিত?**

a) ময়নামতি
b) বিক্রমপুর
c) মহাস্থানগড়
d) পাহাড়পুর **ans. C**

**Solution:** বাংলাদেশের প্রাচীন নগর পুণ্ড্রবর্ধনের ধ্বংসাবশেষ এবং মৌর্য ও গুপ্ত রাজবংশের পুরাকীর্তির জন্য মহাস্থানগড় বিখ্যাত। মহাস্থানগড় বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল।

**78. 'সবুজপত্র' পত্রিকাটির সম্পাদক কে?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) শেখ ফজলুল করিম
c) প্রমথ চৌধুরী
d) মোহাম্মদ নাসির উদ্দীন **ans. C**

**Solution:** 'Sabujpatra' বা 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন প্রমথ চৌধুরী। এটি ১৯১৪ সালে প্রকাশিত হয়। এ পত্রিকাটিতে বাংলা সাহিত্যে চলিত ভাষারীতি প্রবর্তনে অগ্রণী ভূমিকা পালন করে।

**79. উনসত্তরের গণ-অভ্যুত্থানের পটভূমিকায় লেখা উপন্যাস কোনটি?**

a) ভূমিপুত্র
b) মাটির জাহাজ
c) কাঁটাতারে প্রজাপতি
d) চিলেকোঠার সেপাই **ans. D**

**Solution:** আখতারুজ্জামান রচিত 'চিলেকোঠার সেপাই' (১৯৮৭) হলো উনসত্তরের গণ-অভ্যুত্থানের পটভূমিকায় লেখা উপন্যাস। এটি তাঁর রচিত প্রথম উপন্যাস। এ উপন্যাসে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পূর্বরূপ প্রকাশ পেয়েছে। উল্লেখ্য, ইমদাদুল হক মিলনের উপন্যাস হলো 'ভূমিপুত্র' (১৯৮৫)। মাহমুদল হকের উপন্যাস হলো 'মাটির জাহাজ'। সেলিনা হোসেনের উপন্যাস হলো 'কাঁটাতারে প্রজাপতি' (১৯৮৯)।

**80. BIDA এর পূর্ণরূপ কী?**

a) Bangladesh International Development Authority
b) Bangladesh Investment Development Authority
c) Bangladesh Investment Development Access
d) Bangladesh Investment Developing Authority **ans. B**

**Solution:** BIDA এর পূর্ণরূপ Bangladesh Investment Development Authority. উল্লেখ্য, দেশি-বিদেশি বিনিয়োগকে উৎসাহিত করতে বাংলাদেশ সরকার ১৯৮৯ সালে বিনিয়োগ বোর্ড গঠন করে। অন্যদিকে সরকারি লোকসানি প্রতিষ্ঠানকে বেসরকারি খাতে ছেড়ে দেওয়ার উদ্দেশ্য নিয়ে ১৯৯৩ সালে বাংলাদেশ সরকার একটি বেসরকারীকরণ বোর্ড গঠন করে। যেটিকে ২০০০ সালে বেসরকারীকরণ কমিশনে রূপান্তর করা হয়। উভয় সংস্থা তাদের গঠনের উদ্দেশ্য পূরণে ভূমিকা রাখতে পারছিল না। ফলে এ বিষয়ে সমালোচনা তৈরি হয়। ২০১৪ সালের এপ্রিলে প্রধানমন্ত্রীর কার্যালয় বিনিয়োগ বোর্ড ও বেসরকারীকরণ কমিশনকে একীভূত করার নির্দেশ দেয়। একই বছরের ৩০ এপ্রিল সাত সদস্যের আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়। ২০১৫ সালের ডিসেম্বরে কমিটির প্রণয়ন করা আইন মন্ত্রিসভার কমিটিতে অনুমোদিত হয়। ২০১৬ সালের জুলাইয়ে জাতীয় সংসদে 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬' পাস হয়।

# Karmasangsthan Bank Ltd.
**Recruitment Test for AO (Gen - Cash)**
Examination Held On: 11.12.2021

***01.*** **এক কথায় উত্তর দিনঃ**

**a)** **'গীতাগোবিন্দ' এর রচয়িতা কে?** ***Solution:*** 'গীতগোবিন্দ' গোবিন্দদাসের বিখ্যাত পদাবলি গ্রন্থ। বাঙালি কবি জয়দেবকে (রাজা লক্ষ্মণ সেনের সভাকবি) বৈষ্ণব পদাবলির প্রথম পদকর্তা বলা হয়। তিনি দ্বাদশ শতকে সংস্কৃত ভাষায় 'গীতগোবিন্দম' নামে কাব্য রচনা করেন। যেহেতু অপশনে গোবিন্দদাসের উল্লেখ নেই, তাই জয়দেব উত্তর হবে।

**b)** **'চর্যাপদ' কোন ছন্দে লিখা?** ***Solution:*** চর্যাপদের পদগুলো প্রাচীন কোন ছন্দে রচিত তা আজ বলা সম্ভব নয়। আধুনিক ছন্দের বিচারে এই পদগুলো মাত্রাবৃত্ত ছন্দের অধীনে বিবেচ্য।

**c)** **'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ কী?** ***Solution:*** সৌভাগ্যের বিষয়।

**d)** **কাজী নজরুল ইসলামের ছদ্ম নাম কী?** ***Solution:*** কাজী নজরুল ইসলামের ছদ্ম নাম নুরু; নুরুল ইসলাম।

**e)** **'নিষ্ঠা' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।** ***Solution:*** নিঃ + ঠা

**f)** **সমস্তপদসহ 'সিংহাসন' শব্দটির সমাসের নাম লিখুন।** ***Solution:*** সিংহাসন = সিংহ চিহ্নিত আসন (মধ্যপদলোপী কর্মধারয়)।

**g)** **'লালসালু' কোন ধরনের উপন্যাস?** ***Solution:*** 'লালসালু' সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত একটি সামাজিক উপন্যাস। ১৯৪৮ সালে কলকাতা থেকে গ্রন্থাকারে প্রকাশিত।

**h)** **'মুসাফির' কোন ভাষার শব্দ?** ***Solution:*** আরবি।

**i)** **'সংশয়' - এর বিপরীত শব্দ কী?** ***Solution:*** প্রত্যয়।

**j)** **কারক ও বিভক্তি নির্ণয় করুনঃ 'ছাদ থেকে চাঁদ দেখা যায়'।** ***Solution:*** "ছাদ থেকে চাঁদ দেখা যায়" এর "ছাদ থেকে" অধিকরণে সপ্তমী বিভক্তি।

***02.*** **বাংলায় অনুবাদ করুনঃ** Chinese and Indian markets are not new for Bangladesh. These two countries are important business partners of Bangladesh. In the meantime, Bangladeshi export to Brazil, the world's sixth largest economy, has increased 2.5 times in last five years.

***Solution:*** চীন আর ভারতের বাজার বাংলাদেশের জন্য নতুন কিছু নয়। দেশ দুটি বাংলাদেশের গুরুত্বপূর্ণ ব্যবসায়িক অংশীদার। এই সময়ে বাংলাদেশ বিশ্বের ৬ষ্ঠ বৃহত্তম অর্থনীতির দেশ ব্রাজিলে গত পাঁচ বছরের তুলনায় রপ্তানি আড়াইগুণ বৃদ্ধি করেছে।

***03.*** **Write down the meaning of the proverb/sentence:**
a) 'Brevity is the soul of wit'. → মানিকের খানিক ভালো। b) 'He has gone to dogs'. → সে গোল্লায় গেছে।

***04.*** **Fill in the blanks:**
a) He escaped by ____. (a hair's breadth) **বাক্যের অর্থঃ** সে অল্পের জন্য রক্ষা পেল।
b) He was absent _____ last week. (since) **বাক্যের অর্থঃ** সে গত সপ্তাহ থেকে অনুপস্থিত।
c) Now it is three O' clock _____ my watch. (by) **বাক্যের অর্থঃ** আমার ঘড়িতে এখন ৩টা বাজে।

***05.*** **Make sentences with the idioms and Phrases:**
a) A Square meal (পেট ভরে আহার)ঃ He is too poor to have a square meal everyday.
b) Maiden speech (পার্লামেন্টে নবাগত সদস্যের প্রথম ভাষণ)ঃ The maiden speech delivered by the Omor Faruk astonished everyone

***06.*** **Translate into English;**
একটি দেশের অবকাঠামোগত উন্নয়ন অর্থনৈতিক ত্বরান্বিত করে। দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক আন্তর্জাতিক বাণিজ্যের প্রবৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখে। বিশ্বায়নের এই যুগে কেবল প্রাতিষ্ঠানিক শিক্ষাই নিয়োগযোগ্য ব্যক্তিদের দক্ষতার উন্নয়নের নিশ্চয়তা দেয় না। অপর্যাপ্ত আনুষ্ঠানিক অর্থায়ন ক্ষুদ্র শিল্পের প্রবৃদ্ধিকে বাঁধা দেয়া। বাংলাদেশের অনেক ব্যবসায় প্রতিষ্ঠান শিক্ষানবিশ কর্মীদেরকে মাসিক ভাতা দেয়।

***Solution:*** Infrastructural development accelerates the speed of economic development of a country. Bilateral trade agreements play a positive role in the growth of international trade. Institutional education only can't guarantee development of employable skills in this era of globalization. Inadequate formal financing hinders the growth of small industries. Many business in Bangladesh pay a monthly allowance to the interns.

Recent Publications

***07.* খেলাপি ঋণের সুদ মওকুফ করার জন্য যথাযথ কারণ প্রদর্শন করে কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এর নিকট একটি আবেদন পত্র লিখুন।**

**Solution:**

১১.১২.২০২১
বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা-১১০০

বিষয়ঃ খেলাপি ঋণের সুদ মওকুফের জন্য আবেদন।

জনাব,
যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক আমি নিম্নস্বাক্ষরকারী ২০১২ সাল থেকে ব্যক্তিগত ও ব্যবসায়িক কারণে কর্মসংস্থান ব্যাংকের সাথে যুক্ত। আমার ব্যবসায়িক সাফল্যর পেছনে কর্মসংস্থান ব্যাংকের কারওয়ান বাজার শাখার ভূমিকা অপরিসীম। ২০১৯ সালে আমি কর্মসংস্থান ব্যাংকের 'New Employment Scheme' এর আওতায় আমি ১০ (দশ) লক্ষ টাকা ঋণ নেই। এই ঋণের সমস্ত টাকা আমি আমার ব্যবসায় খাটাই। কিন্তু কোভিড-১৯ প্রাদুর্ভাবের শুরুতেই আমার ব্যবসায় ধস নামা শুরু করে। এমতঅবস্থায় আমি আমার ঋণের টাকাই ফেরত দিতে হিমশিম খাচ্ছি। তাই অপারেশন পরিপত্র নং ০১/২০১৮ এর আওতায় আমার খেলাপিকৃত ঋণের সুদ মওকুফ অত্যন্ত জরুরি।

অতএব, আপনার নিকট আমার বিনীত আবেদন এই যে আমার খেলাপিকৃত ঋণ সুদ মওকুফ করে আমার ব্যবসায়িক পথ সুগমের জন্য আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক
হানজালা
মালিক
হক ট্রেডার্স, ঢাকা।

***08.* Correct the following sentences:**

a) Paper is made of wood. → Paper is made from wood. (কাঠ হতে পেপার প্রস্তুত হয়)।
b) He asked me if I have passed. → He asked me if I had passed (আমি পাস করেছি কি না তা আমাকে জিজ্ঞেস করেছিলেন)।

***09.* The opposite of the word 'wide'** (চওড়া; প্রশস্ত) **is** → Narrow (সঙ্কীর্ণ; অপ্রশস্ত)।

***10.* Write an essay on 'Karmasangsthan Bank' within 100 words.**

**Solution:** Karmasangsthan Bank (Employment Bank) is a specialized government owned bank in Bangladesh. The bank was founded to finance the unemployed to set up small enterprises. The bank was founded in 1998, with an approved capital of 3 billion taka. The Karmasangsthan Bank was established as per Karmasangsthan Bank Act No.7 of 1998. The bank was founded to increase income of people in rural areas of Bangladesh. Kaniz Fatema NDC is the chairman of the bank and Md Abdul Mannan is the Managing Director of the bank.

***11.* একটি পাত্রে দুধ ও পানির অনুপাত 5 : 2। যদি পানি অপেক্ষা দুধের পরিমাণ 6 লিটার বেশি হয়, তবে পানির পরিমাণ কত?**

**Shortcut:** সূত্রঃ $\frac{\text{মোট পার্থক্য}}{\text{অনুপাতের পার্থক্য}}$ × যা বের করতে হবে তার অনুপাত $= \frac{6}{5-2} \times 2 = 4$ লিটার।

***12.* কাঁচামালের দাম 15% বেড়ে গিয়েছে। এই কারণে শ্রমের খরচ কাঁচামালের খরচের চেয়ে 25% থেকে 30% বেড়ে গিয়েছে। কাঁচামালের ব্যবহার শতকরা কত কমালে খরচের পরিমাণ অপরিবর্তিত থাকবে?**

**Solution:** ধরি, পূর্বে কাঁচামাল বাবদ ব্যয় হতো = 100 টাকা
তখন শ্রম বাবদ ব্যয় হতো = 25 টাকা
∴ মোট ব্যয় ছিল = 100 + 25 = 125 টাকা
এখন, 15% বৃদ্ধিতে কাঁচামাল বাবদ ব্যয় হয় = 100 + 15 = 115 টাকা
কাঁচামাল খরচের উপর শ্রম খরচ 30% বাড়লে শ্রম খরচ হয় = 115 এর 30% = 34.5 টাকা



Recent Publications

$\therefore$ মোট ব্যয় হয় = 115 + 34.5 = 149.5 টাকা

এখন, মোট ব্যয় বাড়ে = 149.5 – 125 = 24.5 টাকা

অর্থাৎ 149.5 টাকায় ব্যয় কমাতে হবে = 24.5 টাকা

$\therefore$ 100 টাকায় ব্যয় কমাতে হবে = $\frac{24.5 \times 100}{149.5}$ = 16.39 টাকা

অর্থাৎ খরচ কমাতে হবে প্রায় 17%.

***13.*** **বার্ষিক ১০% লাভে ৩,০০০ টাকা এবং ৮% মুনাফায় ২,০০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের ওপর গড়ে শতকরা কত টাকা হারে মুনাফা পাওয়া যাবে?**

***Solution:*** প্রশ্নটিতে একটি জিনিস নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, কোন সময় উল্লেখ নেই। অর্থাৎ বিনিয়োগটি কত বছরের জন্য করা হয়েছে, তা বলা নেই। এক্ষেত্রে প্রশ্নটির শেষে আপনাকে যেহেতু মোট মূলধনের উপর গড়ে শতকরা কত হারে মুনাফা পাওয়া যাবে তা বের করতে হবে, তাই আপনি সময়কে একবছর ধরে নিবেন।

১০% মুনাফায়,

১০০ টাকায় মুনাফা হয় = ১০ টাকা

$\therefore$ ১ টাকায় মুনাফা হয় = $\frac{১০}{১০০}$ টাকা

$\therefore$ ৩,০০০ টাকায় মুনাফা হয় = $\frac{১০ \times ৩০০০}{১০০}$ = ৩০০ টাকা

আবার ৮% মুনাফায়

১০০ টাকায় মুনাফা হয় = ৮ টাকা

$\therefore$ ১ টাকায় মুনাফা হয় = $\frac{৮}{১০০}$ টাকা

$\therefore$ ২,০০০ টাকায় মুনাফা হয় = $\frac{৮ \times ২০০০}{১০০}$ = ১৬০ টাকা

$\therefore$ (৩,০০০ + ২,০০০) = ৫,০০০ টাকার মোট মুনাফা হয় = (৩০০ + ১৬০) = ৪৬০ টাকা

অর্থাৎ ৫,০০০ টাকার ১ বছরে মুনাফা হয় = ৪৬০ টাকা

$\therefore$ ১ টাকার ১ বছরে মুনাফা হয় = $\frac{৪৬০}{৫০০০}$ টাকা

$\therefore$ ১০০ টাকার ১ বছরে মুনাফা হয় = $\frac{৪৬০ \times ১০০}{৫০০০}$ = ৯.২ টাকা বা ৯.২%

***14.*** $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$ **হলে** $x$ **= কত?**

***Solution:*** $\left(\sqrt{x+3}\right)^2 = \left(\sqrt{x}+\sqrt{3}\right)^2$

$\Rightarrow x + 3 = \left(\sqrt{x}\right)^2 + 2 \times \sqrt{x} \times \sqrt{3} + \left(\sqrt{3}\right)^2$

$\Rightarrow x + 3 = x + 2\sqrt{3x} + 3$

$\Rightarrow 2\sqrt{3x} = 0$

$\therefore x = 0$

***15.*** **সংক্ষিপ্ত উত্তর:**

**a) ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন?**

***Solution:*** ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ ৮ নম্বর সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধ করেন।

**b) বাংলাদেশে কোন সালে বয়স্ক ভাতা চালু হয়?** ***Solution:*** বয়স্কভাতা হচ্ছে একটি কর্মসূচি যা দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বিধানে ও পরিবার এবং সমাজের মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭-৯৮ অর্থ বছরে চালু করা হয়। এটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সামজসেবা অধিদপ্তর এই কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।

**c) বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?** ***Solution:*** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন।

Recent Publications

**d) বাংলাদেশ প্রথম বিশ্বকাপ ক্রিকেটে অংশগ্রহণ করে কোন সালে?** ***Solution:*** বাংলাদেশ ১৯৯৯ সালের ৭ম বিশ্বকাপ ক্রিকেটে প্রথম অংশগ্রহণ করেছিল। উল্লেখ্য, বিশ্বকাপ ক্রিকেটে নিউজিল্যান্ড (১৭ মে ১৯৯৯) দলের বিপক্ষে বাংলাদেশের অভিষেক ঘটে।

**e) কোন দেশে কাজী নজরুল ইসলামকে নিয়ে চলচ্চিত্র নির্মাণ করা হয়?** ***Solution:*** ১৯৩৩ সালে পায়োনিয়ার ফিল্মস কোম্পানি প্রতিষ্ঠা করেন কাজী নজরুল ইসলাম। এই প্রতিষ্ঠান থেকে 'ধ্রুব' নামে একটি চলচ্চিত্র নির্মাণ করা হয়। পুরাণের কাহিনী নিয়ে গিরিশচন্দ্র ঘোষের লেখা 'ধ্রুব চরিত' অবলম্বনে সিনেমাটি নির্মিত হয়। নজরুল এ ছবির গান লেখেন এবং সংগীত পরিচালনা করেন। তিনি দেবর্ষি নারদের চরিত্রে অভিনয়ও করেন এবং একটি গানে কণ্ঠ দেন। ১৯৩৪ সালের ১ জানুয়ারি 'ধ্রুব' মুক্তি পায়।

**f) শেখ রাসেল দিবস কবে পালিত হয়?** ***Solution:*** শেখ রাসেল দিবস পালিত হয় ১৮ অক্টোবর।

**g) 'বীরবল' কোন লেখকের ছদ্মনাম?** ***Solution:*** প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম ছিল বীরবল।

**h) পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি কত সালে স্বাক্ষরিত হয়?** ***Solution:*** তৎকালীন সরকার ও জনসংহতি সমিতির মধ্যে ২ ডিসেম্বর ১৯৯৭ সালে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়।

**i) জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি?** ***Solution:*** টেকসই উন্নয়নের ১৭টি লক্ষ্যমাত্রা হলো: দারিদ্র্য বিমোচন; খাদ্য নিরাপত্তা, পুষ্টির উন্নয়ন ও কৃষির টেকসই উন্নয়ন; সকলের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করা; মানসম্পন্ন শিক্ষার সুযোগ নিশ্চিতকরণ; লিঙ্গ সমতা; সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা; সকলের জন্য জ্বালানি বা বিদ্যুতের সহজলভ্য করা; স্থিতিশীল ও অংশগ্রহণমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, পূর্ণকালীন উৎপাদনমূলক কর্মসংস্থান ও কাজের পরিবেশ; স্থিতিশীল শিল্পায়ন এবং উদ্ভাবনকে উৎসাহিত করা; দেশের অভ্যন্তরে ও আন্তঃরাষ্ট্রীয় বৈষম্য হ্রাস; মানব বসতি ও শহরগুলোকে নিরাপদ ও স্থিতিশীল রাখা; সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার; জলবায়ু বিষয়ে পদক্ষেপ; টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদ সংরক্ষণ ও পরিমিত ব্যবহার নিশ্চিত করা; ভূমির টেকসই ব্যবহার; শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক সমাজ, সকলের জন্য ন্যায়বিচার, সকল স্তরে কার্যকর, জবাবদিহি ও অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা এবং টেকসই উন্নয়নের জন্য এ সব বাস্তবায়নের উপায় নির্ধারণ ও বৈশ্বিক অংশীদারিত্বের স্থিতিশীলতা আনা।

**j) মায়ানমারের সাথে বাংলাদেশের ক'টি জেলার সীমান্ত রয়েছে?** ***Solution:*** বাংদেশের সীমান্তবর্তী ৩২টি জেলার মধ্যে মিয়ানমারের সাথে সীমান্ত রয়েছে ৩টি জেলার। ৩টি জেলা হলো- রাঙামাটি, বান্দরবান ও কক্সবাজার।

**k) গ্রিনহাউস কী?** ***Solution:*** গ্রিনহাউস কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন সুইডিস রসায়নবিদ সোভনটে আরহেনিয়াস ১৮৯৬ সালে। পৃথিবীর বায়ুমণ্ডলের গড় তাপমাত্রা বৃদ্ধির মাধ্যমে পরিবর্তনশীল আবহাওয়ার প্রতিক্রিয়াকে গ্রিনহাউস ইফেক্ট বলে। গ্রিনহাউস হলো কাঁচের তৈরি ঘর যার ভেতর গাছপালা লাগানো হয়। শীতপ্রধান দেশে তীব্র ঠাণ্ডার হাত থেকে গাছপালাকে রক্ষার জন্য গ্রিনহাউস তৈরি করা হয়। গ্রিনহাউস ইফেক্ট বলতে মূলত তাপ আটকে রেখে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। এর ফলে উত্তাপ অনেক বেড়ে যাবে যাতে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যেতে পারে।

**l) জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে?** ***Solution:*** WHO করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে। চীনের উহান অঞ্চলে প্রথম কোভিড-১৯ বা করোনা ভাইরাস রোগের প্রাদুর্ভাব শুরু হয়। চীন সরকার কতৃর্ক ৩১ ডিসেম্বর ২০১৯ এ প্রথম আনুষ্ঠানিকভাবে বিশ্বস্বাস্থ্য সংস্থাকে কোভিড-১৯ রোগ সম্পর্কে অবহিত করা হয়। WHO বা বিশ্বস্বাস্থ্য সংস্থা ৩০ জানুয়ারি ২০২০ ভাইরাস সম্পর্কে বিশ্বব্যাপী জনস্বাস্থ্য সতর্কতা জারি করে এবং ১১ মার্চ ২০২০ মহামারি বা অতিমারি (Pandemic) হিসেবে ঘোষণা করে। জানুয়ারি ২০২০ হতে চীনের উহান থেকে করোনা ভাইরাস বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে।

**m) IMF এর সদর দপ্তর কোথায় অবস্থিত?** ***Solution:*** IMF এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। উল্লেখ্য, IMF এর পূর্ণরূপ International Monetary Fund. এটি ১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF প্রতিষ্ঠিত হয়। এই চুক্তিটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে।

**n) বর্তমানে বিশ্বে শান্তির সংবিধান বলা হয় কোন দেশের সংবিধানকে?** ***Solution:*** ২০১৬ সাল পর্যন্ত জাপানের সংবিধানকে 'শান্তির সংবিধান' বলা হত আর এখন বলা হয় না কারণ ২য় বিশ্ব যুদ্ধের ধ্বংস লীলা থেকে শিক্ষা নিয়ে ২০১৬ সালের পূর্বে জাপানের সংবিধানে যুদ্ধ বিষয়ক অনুচ্ছেদে বলা হয় সামরিক বাহিনী শুধুমাত্র আত্মরক্ষা ছাড়া কোনো দেশের বিরুদ্ধে অস্ত্র ধরতে পারতো না, অস্ত্র উৎপাদন ও সংরক্ষণে নিষেধাজ্ঞা ছিলো। তারা ছিল শান্তিপ্রিয় জাতি। তাই তাদের সংবিধানকে 'শান্তি র সংবিধান' বলা হত! কিন্তু ২০১৬ সালে এই বিধানটি রদ করে যোগ করা হয় কোনো দেশ আক্রমণ করলে তারা আত্মরক্ষার্থে যুদ্ধ করতে পারবে। সেজন্য জাপানের সংবিধানকে আর শান্তির সংবিধান বলা হয় না।

Recent Publications

www.boighar.com

# Karmasangstan Bank Ltd.

**Recruitment Test for Data Entry Operator – 06.04.2018**

**Ahsanullah University of Science & Technology (AUST)**

***01.*** **'অনেকের মধ্যে একজন' এক কথায় বলে**

a) অনন্য
b) শ্রেষ্ঠ
c) শীর্ষমণি
d) অন্যতম
***ans.* D**

***02.*** **'জাগমোহন' এর সন্ধি বিচ্ছেদ**

a) জাদ + মোহন
b) জগৎ + মোহন
c) জাগ + মোহন
d) জগম + অহন
***ans.* B**

***03.*** **'ক্রোধ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) উল্লাস
b) ক্ষমা
c) মায়া
d) স্বস্তি
***ans.* C**

***04.*** **কোনটি উত্তম পুরুষ?**

a) সে
b) তারা
c) আমরা
d) তোমরা
***ans.* C**

***Solution:***

নাম পুরুষের ক্রিয়ার সাধারণ রূপ হলো 'সে ও তারা'। মধ্যম পুরুষের ক্রিয়ার সাধারণ রূপ 'তোমরা'।

***05.*** **'ফুলে মধু আছে' বাক্যটির 'ফুলে' কোন কারক?**

a) অধিকরণ
b) অপাদান
c) সম্প্রদান
d) কর্ম
***ans.* A**

***Solution:***

ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে 'সপ্তমী' বিভক্তি হয়। এখানে ফুলে মধু আছে বাক্যটিতে ফুলে শব্দটিতে সপ্তমী বিভক্তি 'এ' রয়েছে। উদ্দিষ্ট বস্তু সমগ্র আধার ব্যপ্ত করে বিরাজমান থাকলে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমনঃ ফুলের সারা অংশব্যাপী মধু।

***06.*** **'হা-হুতাশ' শব্দে 'হা' কি বোঝায়?**

a) বিস্তর
b) হতাশা
c) অভাব
d) স্বল্প
***ans.* C**

***Solution:***

'হা' বাংলা উপসর্গ। এটি অভাব অর্থে শব্দের পূর্বে বসে। যেমনঃ হাভাতে, হাঘরে।

***07.*** **'বিষাদ সিন্ধু' কার লেখা বই?**

a) গোলাম মোস্তফা
b) মীর মশাররফ হোসেন
c) কাজী নজরুল ইসলাম
d) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
***ans.* B**

www.boighar.com

www.boighar.com

*08.* **'রাজীব' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

a) পদ্মফুল　　b) পদ্ম মধু
c) রাজার বংশ　　d) রাজকীয়　　***ans.* A**

*09.* **কোন বানানটি ভুল?**

a) সূক্ষ্ম　　b) নিক্কণ
c) ইতোমধ্যে　　d) নূন্যতম　　***ans.* A**

**Solution:**

সূক্ষ্ম এর সঠিক বানান স + উ + ক্ + ষ্ + ম = সূক্ষ্ম।

*10.* **'সাহেব' শব্দের বহুবচন কোনটি?**

a) সাহেবমণ্ডলী　　b) সাহেবসমূহ
c) সাহেবকুল　　d) সাহেবান　　***ans.* D**

**Solution:**

কিছু বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমনঃ আন যোগে; বুজুর্গ - বুজুর্গান, সাহেব - সাহেবান।

***Choose the correct sentence (Questions 11 – 12):***

*11.* a) Dina is taller than each of her four sisters.　　b) Dina is taller than all of her four sisters.
c) Dina is taller than anyone of her four sisters.　　d) Dina is taller either of her four sisters. ***ans.* A**

**Solution:**

সাধারণত দুইয়ের বেশি তুলনার ক্ষেত্রে Superlative degree বসে। কিন্তু এক্ষেত্রে সব Comparative বলে আপনাকে কোনটি সঠিক Comparison সেটিই উত্তর হিসেবে গ্রহণ করতে হবে। Dina এর সাথে প্রতিটি বোনের তুলনা করছে বলে Each হবে। তাই সঠিক উত্তর হবে অপশন *a*).

*12.* a) Every candidates must bear their own burden.　　b) Every candidate must bear his own burden.
c) Every candidates must bear his own burden.　　d) Every candidates must bear their burden. ***ans.* B**

**Solution:**

Antecedent যদি Every, each, either, neither ইত্যাদি হয় তাহলে তার পরে Singular pronoun বসে।
**বাক্যের অর্থঃ** প্রত্যেককেই তার নিজের দায়বদ্ধতা নিজেকেই বহন করতে হবে।

*13.* **The verb form of 'Necessary' is:**

a) Necessity　　b) Nacessitate
c) Necessities　　d) Necessitate　　***ans.* D**

**Solution:**

| *Word* | *Parts of Speech* | *Meaning* |
|---|---|---|
| Necessary | Adjective | প্রয়োজনীয়; আবশ্যকীয় |
| Necessity | Noun | জরুরী প্রয়োজন; আবশ্যকতা |
| Necessitate | Verb | অপরিহার্য করে তোলা |

www.boighar.com

www.boighar.com

**14. Which one is singular?**

a) Agenda
b) Hypothesis
c) Media
d) Syllabi
***ans.* B**

**Solution:**

অপশনগুলোর মধ্যে Hypothesis হলো Singular. কিন্তু বাকি Agenda, Media এবং Syllabi এই তিনটি Plural.

| *Singular* | *Plural* | *Meaning* |
|---|---|---|
| Hypothesis | Hypotheses | অনুসিদ্ধান্ত |
| Agendum | Agenda | আলোচ্যসূচী |
| Medium | Media | মাধ্যম |
| Syllabus | Syllabi | পাঠ্যসূচী; পাঠ্যক্রম |

**15. Feminine gender of 'poet' is:**

a) Poetress
b) Poetess
c) Lady Poet
d) Women Poet
***ans.* B**

***Fill in the blanks: (Questions 16-19):***

**16. Shakespeare is known mostly for his ________.**

a) poetry
b) novels
c) autobiography
d) plays
***ans.* D**

**Solution:**

পাঠক, William Shakespeare সম্পর্কে তথ্যগুলো পড়ুন। Mostly known for his plays (নাটক), William Shakespeare was an Elizabethan poet & Playwright (নাট্যকার)। He was considered to be the England's national poet & the Bard of Avon (Avon is a river in England). He is also known as the poet of human nature.

তাঁর কিছু বিখ্যাত Plays বা নাটক হলো 'Julius Caesar', 'Antony cleopatra', 'Measure for Measure', 'All's well that ends well' ইত্যাদি। শেক্সপিয়ার বিখ্যাত মূলত তার Plays বা নাটকের জন্য। তাই উত্তর *d*) plays.

**17. He will avail ________ the opportunity.**

a) for
b) by
c) to
d) of
***ans.* D**

**Solution:**

Avail oneself of অর্থ সুযোগ গ্রহণ করা; সদ্ব্যবহার করা; কাজে লাগানো। যেমনঃ I did not avail myself of the opportunity to meet him.

**বাক্যের অর্থঃ** সে সুযোগের সদ্ব্যবহার করবে।

**18. Birds of ________ feather flock together.**

a) same
b) red
c) a
d) the
***ans.* C**

www.boighar.com

**Solution:**

Birds of a feather flock together অর্থ (মন্দ অর্থে) একই দলভুক্ত দুষ্ট প্রকৃতির ব্যক্তিগণ বা চোরে চোরে মাসতুতো ভাই।

***19.*** **The company's customers are drawn ________ a cross section of backgrounds.**

a) off | b) to
c) out of | d) from | ***ans.*** **D**

**Solution:**

Draw from অর্থ টেনে বের করা; আকর্ষণ করা।

Cross section of backgrounds অর্থ একটি নির্দিষ্ট আবহমণ্ডলের একটি অংশ হতে।

**বাক্যের অর্থঃ** কোম্পানির খরিদ্দারদেরকে একটি পরিবেশের ভেতর থেকে প্রলোভনের মাধ্যমে বের করে আনা হলো।

***21.*** **Identify the correct spelling**

a) denounciation | b) denuntiation
c) denunciation | d) denunsiation | ***ans.*** **C**

**Solution:**

Denunciation -- অভিযুক্তকরণ = Harshly criticize someone or something in front of other people.

***20.*** **কোন ভগ্নাংশটি বড়?**

a) $\frac{5}{8}$ | b) $\frac{3}{4}$
c) $\frac{7}{10}$ | d) $\frac{2}{3}$ | ***ans.*** **B**

**Solution:**

$\frac{5}{8}, \frac{3}{4}, \frac{7}{10}$ এবং $\frac{2}{3}$ ভগ্নাংশগুলোর হরগুলো 8, 4, 10 এবং 3 এর ল.সা.গু. = 120

| | | | |
|---|---|---|---|
| এখন, $120 \div 8 = 15$ | $\frac{5}{8} = \frac{5 \times 15}{8 \times 15} = \frac{75}{120}$ | $120 \div 4 = 30$ | $\frac{3}{4} = \frac{3 \times 30}{4 \times 30} = \frac{90}{120}$ |
| $120 \div 10 = 12$ | $\frac{7}{10} = \frac{7 \times 12}{10 \times 12} = \frac{84}{120}$ | $120 \div 3 = 40$ | $\frac{2}{3} = \frac{2 \times 40}{3 \times 40} = \frac{80}{120}$ |

যেহেতু, $90 > 84 > 80 > 75$

$\frac{90}{120} > \frac{84}{120} > \frac{80}{120} > \frac{17}{120}$ বৃহত্তর ভগ্নাংশ হলো $\frac{90}{120}$ বা $\frac{3}{4}$

***22.*** **$1\frac{1}{2}$ ইঞ্চি 1 ফুটের কত অংশ?**

a) $\frac{1}{2}$ | b) $\frac{1}{6}$
c) $\frac{1}{8}$ | d) $\frac{1}{10}$ | ***ans.*** **C**

**Solution:**

এখানে, $1\frac{1}{2}$ ইঞ্চি = $\frac{3}{2}$ ইঞ্চি

আমরা জানি, 12 ইঞ্চি = 1 ফুট

$\frac{3}{2}$ ইঞ্চি = $\frac{1 \times 3}{12 \times 2} = \frac{1}{8}$ ফুট

**23. একটি সম্পত্তির $\frac{3}{4}$ অংশের মূল্য 36,000 টাকা হলে তার $\frac{2}{3}$ অংশের মূল্য কত?**

a) 22,000 টাকা　　b) 24,000 টাকা

c) 30,000 টাকা　　d) 32,000 টাকা　　***ans.* D**

**Solution:**

সম্পত্তির $\frac{3}{4}$ অংশের মূল্য = 36,000 টাকা

সম্পত্তির $\frac{2}{3}$ অংশের মূল্য = $\frac{36000 \times 4 \times 2}{3 \times 3}$ = 32,000 টাকা

**24. তিন ভাই বোনের বয়সের গড় 16 বছর। পিতা ও ভাইবোনের সবার বয়সের গড় 25 বছর। পিতার বয়স কত?**

a) 52　　b) 50

c) 48　　d) 54　　***ans.* A**

**Solution:**

তিন ভাইবোনের বয়সের গড় = 16 বছর

তিন ভাইবোনের বয়সের সমষ্টি = $(16 \times 3) = 48$ বছর

পিতাসহ তিন ভাইবোনের বয়সের গড় = 25 বছর

পিতাসহ তিন ভাইবোনের বয়সের সমষ্টি = $(25 \times 4) = 100$ বছর

পিতার বয়স = $(100 - 48) = 52$ বছর।

**25. 5 টি গরু এবং 9 টি ছাগলের দাম একত্রে 27,500 টাকা। একটি ছাগলের দাম 1,250 টাকা হলে 13 টি গরুর দাম কত টাকা?**

a) 47,500　　b) 49,000

c) 42,250　　d) 45,630　　***ans.* C**

**Solution:**

1 টি ছাগলের দাম = 1,250 টাকা

9 টি ছাগলের দাম = $1,250 \times 9 = 11,250$ টাকা

অতএব, 5 টি গরুর দাম = $27,500 - 11,250 = 16,250$ টাকা

এখন, 5 টি গরুর দাম = 16,250 টাকা

13 টি গরুর দাম = $\frac{16250 \times 13}{5}$ = 42,250 টাকা

**26. 3,500 টাকা বিনিয়োগের ফলে 84 টাকা লাভ হলে ঐ বিনিয়োগের চেয়ে 1,000 টাকা বেশি বিনিয়োগ করলে লাভ কত টাকা হবে?**

a) 100 b) 105
c) 120 d) 108 **ans. D**

**Solution:**

ধরি 1,000 টাকা বেশি অর্থাৎ = 3,500 + 1,000 = 4,500 টাকা বিনিয়োগ করলে $x$ টাকা মুনাফা হবে।

$$\frac{3500}{4500} = \frac{84}{x}$$

$$\Rightarrow \frac{7}{9} = \frac{84}{x}$$

$$\Rightarrow \frac{x}{84} = \frac{9}{7}$$

$$\Rightarrow x = \frac{9 \times 84}{7} = 9 \times 12 = 108 \text{ টাকা}$$

$x = 108$ টাকা

**Intelligent Solution:** 3,500 টাকা বিনিয়োগে লাভ হয় = 84 টাকা

4,500 টাকা বিনিয়োগে লাভ হয় $= \frac{4500 \times 84}{3500} = 108$ টাকা

**27. বার্ষিক সরল সুদের হার 5% হলে কত টাকা 8 বছরের সুদে-আসলে 2,380 টাকা হবে?**

a) 1,500 টাকা b) 1,800 টাকা
c) 1,700 টাকা d) 1,900 টাকা **ans. C**

**Solution:**

100 টাকার 1 বছরের সুদ = 5 টাকা

100 টাকার 8 বছরের সুদ $= 5 \times 8 = 40$ টাকা

সুদাসল = 100 + 40 = 140 টাকা

এখন, সুদাসল 140 টাকা হলে আসল = 100 টাকা

সুদাসল 2,380 টাকা হলে আসল $= \frac{100 \times 2380}{140} = 1,700$ টাকা

**Intelligent Solution:**

আসল $= \frac{\text{১০০} \times \text{সুদাসল}}{\text{১০০} + (\text{সময়} \times \text{হার})}$

$= \frac{100 \times 2380}{100 + (8 \times 5)} = 1,700$ টাকা

**28. একটি ঘরের মেঝের দৈর্ঘ্য বিস্তারের 3 গুণ। মেঝেটি কার্পেট দিয়ে মুড়াতে মোট 1,102.50 টাকা ব্যয় হয়। প্রতি বর্গমিটার মোড়ার খরচ 7.50 টাকা হলে ঘরটির মেঝের দৈর্ঘ্য কত মিটার?**

a) 22 b) 7
c) 21 d) 6 **ans. C**

**Solution:**

ধরি, ঘরটির বিস্তার বা প্রস্থ $x$ মিটার

ঘরটির দৈঘ্য $= 3 \times x = 3x$ মিটার

এখন, ঘরটির ক্ষেত্রফল হলো $= \frac{1102.50}{7.50} = 147$ বর্গ মিটার [ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ]

www.boighar.com

প্রশ্নমতে, $3x \times x = 147$

$\Rightarrow x^2 = \frac{147}{3} = 49$

$\Rightarrow x = \sqrt{7^2} = 7$

$x = 7$

অতএব, ঘরটির দৈর্ঘ্য = $7 \times 3 = 21$ মিটার।

**29. $7x - 5y = -2$ এবং $-8x - y = 9$ হলে $x$ এর মান কত?**

a) $-1$ b) $1$

c) $-2$ d) $2$ ***ans.* A**

**Solution:**

$7x - 5y = -2$ ............ $(i)$

$-8x - y = 9$ .............. $(ii)$

সমীকরণ $(ii)$ নং কে 5 দ্বারা গুণ করে $(i)$ নং হতে তা বিয়োগ করি অর্থাৎ $\{(i) - 5 \times (ii)\}$

$$\begin{array}{r} 7x - 5y = -2 \\ -40x - 5y = 45 \\ (+) \quad (+) \quad (-) \\ \hline 47x = -47 \end{array}$$

$\Rightarrow x = \frac{-47}{47} = -1$

**Intelligent Solution:**

$ii) \Rightarrow y = -8x - 9$

$i) \Rightarrow 7x - 5(-8x - 9) = -2$

$\Rightarrow 7x + 40x + 45 = -2$

$\Rightarrow 47x = -2 - 45 = -47 \therefore x = \frac{-47}{47} = -1$

**30. $\frac{x}{3} - \frac{x}{2} = \frac{x-1}{6}$ হলে $x$ এর মান কত?**

a) $\frac{1}{2}$ b) $-\frac{1}{2}$

c) $1\frac{1}{2}$ d) $-1\frac{1}{2}$ ***ans.* A**

**Solution:**

$\frac{x}{3} - \frac{x}{2} = \frac{x-1}{6}$

$\Rightarrow \frac{2x-3x}{6} = \frac{x-1}{6}$

$\Rightarrow -x = x - 1$ [উভয় পক্ষকে 6 দ্বারা গুণ করে]

$\Rightarrow x + x = 1$

$\Rightarrow 2x = 1$

$x = \frac{1}{2}$

**31. উত্তরা গণভবন কোথায় অবস্থিত?**

a) দিনাজপুর b) নাটোর

c) কুমিল্লা d) ঢাকা ***ans.* B**

www.boighar.com

**Solution:**

উত্তরা গণভবণ ১৭৪৩ সালে রাজা দয়ারাম নির্মাণ করেন। এটি নাটোর জেলায় অবস্থিত।

***32.*** **বাংলার রাজধানী সোনারগাঁয় কে স্থাপন করেন?**

a) ঈশা খাঁ
b) সম্রাট আকবর
c) সম্রাট জাহাঙ্গীর
d) তিতুমীর
***ans.*** **A**

***33.*** **বাংলাদেশের কোন জিনিসটি এখন বিশ্ব ঐতিহ্যের অংশ?**

a) চাদর
b) ইলিশ মাছ
c) শীতল পাটি
d) জামদানী শাড়ি
***ans.*** **C**

**Solution:**

৬ ডিসেম্বর ২০১৭ জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কো সিলেট অঞ্চলের শীতলপাটি বুননের ঐতিহ্যগত হস্তশিল্পকে বিশ্বের নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্যের (অধরা বা Intangible Cultural Heritage) প্রতিনিধিত্বশীল তালিকায় অন্তর্ভূক্ত করে। ৪-৯ ডিসেম্বর ২০১৭ দক্ষিণ কোরিয়ার জেজু দ্বীপে অনুষ্ঠিত ইউনেস্কোর নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণে গঠিত আন্তর্জাতিক পর্ষদ বাংলাদেশ সরকারের শীতলপাটি বিষয়ক প্রস্তাবটি অনুমোদন করে।
উল্লেখ্য, শীতলপাটি নিয়ে বাংলাদেশের এ যাবৎ ইউনেস্কো ঘোষিত নির্বস্তুক বা অধরা সাংস্কৃতিক ঐতিহ্য ৪টি।

| | | | |
|---|---|---|---|
| শীতলপাটি (২০১৭) | বাউল গান (২০০৮) | জামদানি বয়নশিল্প (২০১৩) | পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা (২০১৬) |

***34.*** **বাংলাদেশের আমদানির প্রধান উৎস দেশ কোনটি?**

a) কানাডা
b) ভারত
c) যুক্তরাজ্য
d) চীন
***ans.*** **D**

***35.*** **বিশ্বের বৃহত্তম নদী কোনটি?**

a) নীলনদ
b) আমাজন
c) সুরমা
d) পদ্মা
***ans.*** **B**

**Solution:**

পৃথিবীর বৃহত্তম নদী আমাজান। দীর্ঘতম নদী নীলনদ।

***36.*** **মায়ানমারের রাজধানীর নাম কি?**

a) বার্মা
b) নেপিদো
c) ইয়াংগুন
d) কাঠমুন্ডু
***ans.*** **B**

***37.*** **বাংলাদেশ সরকার কোন ধরণের সরকার**

a) গণতান্ত্রিক
b) প্রজাতান্ত্রিক
c) রাজতান্ত্রিক
d) স্বৈরতান্ত্রিক
***ans.*** **A**

***38.*** **বাংলাদেশের জাতীয় খেলা কোনটি?**

a) ফুটবল
b) ক্রিকেট
c) কাবাডি
d) ক্যারাম
***ans.*** **C**

www.boighar.com

*39.* **মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?**

a) ৫ b) ৮

c) ১০ d) ১১ ***ans.* D**

*40.* **১৯৭১ সালের কোন তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়?**

a) ৪ এপ্রিল b) ১০ এপ্রিল

c) ১১ এপ্রিল d) ১৭ এপ্রিল ***ans.* B**

*41.* **হাতের তালুতে রেখে কম্পিউটার কোনটি?**

a) ল্যাপটপ b) ডেস্কটপ

c) পামটপ d) সুগার ***ans.* C**

**Solution:**

পামটপঃ পামটপ এক ধরনের ছোট কম্পিউটার। হাতের তালুতে নিয়ে কাজ করা যায়। এর ওজন মাত্র ১৭০ গ্রাম। এর অন্য নাম হ্যান্ডহেল্ড পার্সোনাল কম্পিউটার (HPC) এবং পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট (PDA).

*42.* **যে সকল যন্ত্রের মাধ্যমে তথ্য দেওয়া হয় তাকে কী বলে?**

a) ইনপুট b) আউটপুট

c) ইনপুট ডিভাইস d) আউটপুট ডিভাইস ***ans.* C**

**Solution:**

কম্পিউটারকে নির্দেশনা বা ডেটা প্রদানের জন্য যে সমস্ত যন্ত্র ব্যবহৃত হয় সেগুলোকে ইনপুট ডিভাইস বলে। ইনপুট যন্ত্রাংশের মাধ্যমে প্রাপ্ত তথ্যসমূহ প্রেরণ করা হয়। এরপর প্রক্রিয়াকরণ অংশে প্রক্রিয়াজাত হয়ে আউটপুট ডিভাইসের মাধ্যমে ফলাফল প্রদান করা হয়। যেমনঃ কী-বোর্ড, মাউস, স্ক্যানার, OCR, OMR ইত্যাদি।

*43.* **নিচের কোনটি বাংলা টাইপ ও কম্পোজ সফ্টওয়ার?**

a) হিরো b) বিজয়

c) রাখি d) আনন্দ ***ans.* B**

*44.* **কোন ড্রাইভে "My Document" রাখা হয়?**

a) এ-ড্রাইভে b) বি-ড্রাইভে

c) সি-ড্রাইভে d) ডি-ড্রাইভে ***ans.* C**

**Solution:**

My Document ফোল্ডারের ভিতর ফ্লপি ড্রাইভ (A:), হার্ড ডিস্ক (C:), সিডি ড্রাইভ, ডিভিডি ড্রাইভ এবং কম্বো ড্রাইভারে আইকন থাকে।

**হার্ড ডিস্ক (C:)ঃ** একটি কম্পিউটার একাধিক হার্ডডিস্ক থাকতে পারে। আবার একটি হার্ডডিস্ককেও কয়েকটি ভাগে ভাগ করে নেয়া যায়। একটি হার্ডডিস্ককে কয়েকটি ভাগে ভাগ করে নেওয়াকে কম্পিউটারের ভাষায় পার্টিশন বলা হয়। পার্টিশনগুলো C:\, D:\, E:\, F:\ ইত্যাদি নামে চিহ্নিত করা যেতে পারে।